# উপজেলা প্রাথমিক শিক্ষা পরিকল্পনা (ইউপেপ) গাইডলাইন









প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিমার্জন**
হুমায়ূন কবীর
কনসালটেন্ট
স্লিপ ও ইউপেপ, ইউনিসেফ

**পরিমার্জন সহযোগী**
সাইফুল ইসলাম
উপপরিচালক
পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

মোঃ শাহীন মিয়া
শিক্ষা অফিসার
পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

মনিরা হাসান
এডুকেশন স্পেশালিস্ট
ইউনিসেফ

মোঃ মনির উদ্দীন
ব্যবস্থাপক
বিদ্যালয় দুর্যোগ ব্যবস্থাপনা, সেভ দ্য চিলড্রেন

**কারিগরি সহযোগিতা**
ইউনিসেফ

**ডিজাইন :**
এক্সপ্রেশন্‌স লিমিটেড

**প্রকাশক**
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা

**প্রকাশকাল**
আগস্ট ২০১৬

# উপজেলা প্রাথমিক শিক্ষা পরিকল্পনা (ইউপেপ) গাইডলাইন

প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

# মুখবন্ধ

উপজেলা প্রাথমিক শিক্ষা পরিকল্পনা 'ইউপেপ' (Upazila Primary Education Plan 'UPEP') গাইডলাইন পরিমার্জন কার্য সম্পন্ন হওয়ায় আমি অত্যন্ত আনন্দিত। প্রাথমিক শিক্ষা কর্মকাণ্ড বিকেন্দ্রীকরণ করা সরকারের শিক্ষানীতির একটি অন্যতম লক্ষ্য। জাতীয় শিক্ষানীতি ২০১০-এর আলোকে প্রাথমিক শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রশাসন ও ব্যবস্থাপনাকে আরো উন্নত ও কার্যকর করার লক্ষ্যে জেলা, উপজেলা ও বিদ্যালয় পর্যায়ে পরিকল্পনা ও ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণ করার উদ্দেশ্যে তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচিতে (পিইডিপি-৩) উদ্যোগ গ্রহণ করা হয়। বিদ্যালয় পর্যায় হতে বৃহত্তর পরিসরে উপজেলা পর্যায়ে মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে উপজেলা প্রাথমিক শিক্ষা পরিকল্পনা বা ইউপেপ প্রণয়নের কার্যক্রম গ্রহণ করা হয়। 'ইউপেপ' উপজেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষা উন্নয়নের অন্যতম হাতিয়ার। উপজেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষার সার্বিক মানোন্নয়নের লক্ষ্যে উপজেলাধীন প্রাথমিক বিদ্যালয়সমূহের সমস্যা চিহ্নিত করে এবং উপজেলা পর্যায়ে তা সমাধানের নিমিত্তে ০৩ বছরের মধ্যমেয়াদি আবর্তক পরিকল্পনা হিসেবে ইউপেপ প্রণীত হয়ে থাকে। ইউপেপের মূল উপজীব্য হলো উপজেলার নিজস্ব বাস্তবতা ও প্রয়োজনের ভিত্তিতে উপজেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষার পরিকল্পনা প্রণয়ন এবং তা বাস্তবায়ন। বিদ্যালয়ভিত্তিক উন্নয়ন পরিকল্পনা (স্লিপ)-এর যে সকল বড় ধরনের উন্নয়ন কার্যক্রম স্লিপ গ্র্যান্ট বা স্থানীয়ভাবে সংগৃহীত অর্থে বিদ্যালয় পর্যায়ে বাস্তবায়ন করা সম্ভব হয় না, সে সকল কার্যক্রমসমূহ এবং উপজেলাভিত্তিক প্রাথমিক শিক্ষার সামগ্রিক মানোন্নয়নের লক্ষ্যে গৃহীত অন্যান্য কার্যক্রমসমূহ ইউপেপের অন্তর্ভুক্ত করা হয়ে থাকে।

পিইডিপি-৩ এর শুরুর দিকে ২০১২ সালে ইউপেপ প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকা প্রণয়ন করা হয়। সময়ের আবর্তে ইউপেপ প্রণয়ন ও বাস্তবায়ন নির্দেশিকায় নানারূপ অসঙ্গতি এবং অস্পষ্টতা পরিলক্ষিত হলে ইউপেপ প্রণয়ণ ও বাস্তবায়ন কার্যক্রম আরো গতিশীল ও কার্যকর করার উদ্দেশ্যে গাইডলাইন পরিমার্জনের উদ্যোগ নেয়া হয়। এ লক্ষ্যে বিশ্বব্যাংকের অর্থায়নে Public Expenditure Tracking Survey-PETS স্টাডি সম্পন্ন করা হয়। উক্ত স্টাডির সুপারিশসমূহ এবং ইউপেপ পরিমার্জনের লক্ষ্যে আয়োজিত কর্মশালার মতামতসমূহ অন্তর্ভুক্ত করে ইউপেপ গাইডলাইন পরিমার্জন করা হয়েছে। পরিমার্জিত এ গাইডলাইন ইউপেপ প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণের জন্য সহায়িকা হিসেবে কাজ করবে এবং ইউপেপ কার্যক্রম বাস্তবায়নে অধিকতর কার্যকর ভূমিকা রাখবে। এর প্রক্রিয়াসমূহ অত্যন্ত সহজ, সরল ও প্রাঞ্জল ভাষায় বিস্তারিতভাবে ব্যাখ্যা করা হয়েছে। ইউপেপ গাইডলাইনটি উপজেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষার সমস্যাসমূহ চিহ্নিত করে এর কার্যকর সমাধানের মাধ্যমে প্রাথমিক শিক্ষার সার্বিক মানোন্নয়নে সহযোগিতা করবে মর্মে আমি আশাবাদী।

ইউপেপ গাইডলাইন পরিমার্জনের এ গুরুত্বপূর্ণ কাজটি অতি অল্প সময়ের মধ্যে সম্পন্ন করার জন্য পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের সহকর্মীবৃন্দকে আমি আন্তরিকভাবে ধন্যবাদ জানাই। ধন্যবাদ জানাচ্ছি উন্নয়ন সহযোগী, ইউনিসেফ এবং সেভ দ্য চিলড্রেনের সংশ্লিষ্ট সকলকে, যারা নানাভাবে এ পরিমার্জন কার্যে সহযোগিতা করেছেন। প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী, সচিব মহোদয় ও অন্যান্য কর্মকর্তাগণ নির্দেশনা ও পরামর্শ দিয়ে ইউপেপ গাইডলাইন পরিমার্জনে নানাভাবে সহযোগিতা ও অনুপ্রাণিত করায় তাঁদের প্রতি আমি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জ্ঞাপন করছি।

**ড. মোঃ আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি**
মহাপরিচালক
(অতিরিক্ত সচিব)
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

# সংক্ষিপ্ত শব্দাবলি

| | |
|---|---|
| AOP | Annual Operation Plan |
| C-in-Ed | Certificate-in-Education |
| DPE | Directorate of Primary Education |
| DG | Director General |
| ESTEEM | Effective Schools Through Enhanced Education Management |
| DLI | Disbursement Link Indicator |
| IE | Inclusive Education |
| IMD | Information and Management Division |
| KPI | Key Performance Indicators |
| LGED | Local Government & Engineering Department |
| PEDP | Primary Education Development Program |
| PSQL | Primary School Quality Level |
| SLIP | School Level Improvement Plan |
| SN | Special Needs |
| SOE | Statement of Expenditures |
| SWOT | Strength, Weakness, Opportunity and Threat |
| TST | Technical Support Team (under PEDP II) |
| UNICEF | United Nations Children's Fund |
| UPEP | Upazila Primary Education Plan |
| ইউপেপ | উপজেলা প্রাথমিক শিক্ষা পরিকল্পনা |
| সদুঅপ্র | সবলতা, দুর্বলতা, অনুকূল ও প্রতিকূলতা |
| ইউআরসি | উপজেলা রিসোর্স সেন্টার |
| এলজিইডি | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর |
| ইউইও | উপজেলা শিক্ষা অফিসার |
| টিইও | থানা শিক্ষা অফিসার |
| ডিপিইও | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার |
| এসএমসি | স্কুল ম্যানেজিং কমিটি |
| পিটিআই | প্রাইমারি টিচার্স ট্রেনিং ইনস্টিটিউট |
| এটিইও | সহকারী থানা শিক্ষা অফিসার |
| এইউইও | সহকারি উপজেলা শিক্ষা অফিসার |

# বিষয়সূচি : ইউপেপ


ভূমিকা ........ ১

১. পরিকল্পনা কী? ........ ১

২. উপজেলা প্রাথমিক শিক্ষা পরিকল্পনা বা ইউপেপের ধারণা ........ ২

৩. ইউপেপের লক্ষ্য ........ ৩

৪. ইউপেপের উদ্দেশ্য ........ ৩

৫. স্লিপ ও ইউপেপের সম্পর্ক ........ ৪

৬. ইউপেপ প্রণয়ন টিম গঠন ........ ৫

৭. ইউপেপ প্রণয়ন টিমের কার্যপরিধি ........ ৬

৮. ইউপেপ এবং টিমের আনুষঙ্গিক ব্যয় নির্বাহ ........ ৭

৯. ইউপেপ প্রণয়ন প্রক্রিয়া ........ ৭

৯.১ প্রথম ধাপ : প্রত্যাশা নির্ধারণ ........ ৭

৯.২ দ্বিতীয় ধাপ : উপজেলার পরিস্থিতি বিশ্লেষণ ........ ৮

৯.৩ তৃতীয় ধাপ : ব্যয় নিরূপণ ........ ১০

৯.৪ চতুর্থ ধাপ : অর্থের উৎস নির্ধারণ ........ ১০

৯.৫ পঞ্চম ধাপ : বাজেট প্রণয়ন ........ ১০

৯.৬ ষষ্ঠ ধাপ : পরিকল্পনা প্রণয়ন ........ ১১

৯.৭ সপ্তম ধাপ : ইউপেপ শেয়ারিং সভা আয়োজন ........ ১২

৯.৮ অষ্টম ধাপ : ইউপেপ অনুমোদন ........ ১২

১০. ইউপেপ বাস্তবায়ন ........ ১২

১১. ইউপেপের অর্থায়ন ........ ১৪

১১.১ অর্থায়ন কৌশল : ইউপেপ প্রণয়নের জন্য অর্থ ছাড় ........ ১৪

১১.২ অর্থায়ন কৌশল : অনুমোদিত ইউপেপ বাস্তবায়নের জন্য অর্থ ছাড় ........ ১৪

১২. প্রশিক্ষণ প্রক্রিয়া ........ ১৫

১৩. কম্পিউটারভিত্তিক ডাটাবেজ তৈরিকরণ ........ ১৫

১৪. ইউপেপ প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত কর্তৃপক্ষীয় দায়িত্ব ........ ১৬

১৪.১ উপজেলা শিক্ষা অফিস ........ ১৬

১৪.২ জেলা প্রাথমিক শিক্ষা অফিস ........ ১৬

১৪.৩ বিভাগীয় কার্যালয় ........ ১৬

১৪.৪ পরিকল্পনা ও উনন্নয়ন বিভাগ ........ ১৭

১৪.৫ প্রশিক্ষণ বিভাগ ........ ১৭

১৪.৬ অর্থ ও সংগ্রহ বিভাগ ........ ১৭

১৪.৭ পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ ........ ১৭

১৫. ইউপেপ বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন ........ ১৮
১৫. ১ পরিবীক্ষণ কৌশল ........ ১৮
১৫.২ মূল্যায়ন কৌশল ........ ১৮
১৫.৩ বিভিন্ন পর্যায়ের পরিবীক্ষণ ও মূল্যায়ন ........ ১৯
জেলা পর্যায়ে স্লিপ কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন ........ ১৯
সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ........ ১৯
জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ........ ১৯
জেলা দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা ........ ১৯
বিভাগীয় পর্যায়ে স্লিপ কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন ........ ১৯
সহকারী পরিচালক ........ ১৯
বিভাগীয় উপ-পরিচালক ........ ১৯
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর পর্যায়ে স্লিপ কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন ........ ২০
পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের কর্মকর্তা ........ ২০
প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তা ........ ২০
১৬. ইউপেপ কার্যক্রম ও সময়সূচি ........ ২১
১৬.১ ইউপেপ কার্য তালিকা ........ ২১
১৬.২ ইউপেপ কার্যক্রমের সময়সূচি ........ ২১
১৬.৩ ইউপেপ প্রবাহ চিত্র ........ ২২
পরিশিষ্ট ১ : ইউপেপ প্রণয়ন ছক ........ ২৩
পরিশিষ্ট ২ : ইউপেপ কার্যক্রমের বাস্তবায়ন ও অগ্রগতির প্রতিবেদন ........ ২৮
পরিশিষ্ট ৩ : স্টেকহোল্ডারদের সঙ্গে মতবিনিময় সভার কার্যবিবরণী ছক ........ ২৯
পরিশিষ্ট ৪ : প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত মানসূচক (PSQL) ........ ৩০
পরিশিষ্ট ৫ : প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত মুখ্য ক তিসূচক (KPI) ........ ৩১
পরিশিষ্ট ৬ : উপজেলা প্রাথমিক শিক্ষা পরিকল্পনায় অন্তর্ভুক্তিযোগ্য কার্যাবলির নমুনা ........ ৩২
পরিশিষ্ট ৭ : ইউপেপ পরিবীক্ষণ চেকলিস্ট ........ ৩৩

## ভূমিকা

প্রাথমিক শিক্ষা জাতীয়করণের ফলে নানা সুফল নিশ্চিত হলেও যাবতীয় সরকারি কার্যক্রম কেন্দ্রীয়ভাবে গ্রহণ এবং নির্দেশনার মাধ্যমে মাঠ পর্যায়ে বাস্তবায়নে জাতীয় কাম্য উন্নয়নের সূচকসমূহ ক্ষেত্র বিশেষে অর্জিত হয়নি। এ বাস্তবতার নিরিখে মাঠ পর্যায়ে পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়নের ক্ষেত্রে স্থানীয় জনগণের অংশগ্রহণের অভাব পরিলক্ষিত হয়। এ প্রেক্ষাপটে স্থানীয় প্রয়োজনের নিরিখে পরিকল্পনা প্রণয়ন, জনগণের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের মাধ্যমে তা বাস্তবায়ন এবং প্রাথমিক শিক্ষা পরিকল্পনা ও ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণের উদ্দেশ্যে তৃতীয় প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচির (পিইডিপি-৩) আওতায় উপজেলা প্রাথমিক শিক্ষা পরিকল্পনা (ইউপেপ) প্রণয়নের উদ্যোগ গ্রহণ করা হয়। ইউপেপ প্রণয়নের লক্ষ্যে উপজেলা পর্যায়ের কর্মকর্তাগণের পরিকল্পনা প্রণয়নের দক্ষতা বৃদ্ধি জন্য প্রশিক্ষণ ও ওরিয়েন্টেশনের ব্যবস্থা গ্রহণ করা হয়। কিন্তু নানা সীমাবদ্ধতার কারণে এ পর্যন্ত পিইডিপি ৩-এর আওতায় এ পর্যন্ত যে সকল উপজেলা ইউপেপ প্রণয়ন করেছে তাতে বেশকিছু দুর্বলতা পরিলক্ষিত হয়। প্রণীত ইউপেপ গাইডলাইনের ওপর ভিত্তি করে দীর্ঘদিনের প্রণয়ন অভিজ্ঞতার ফলাবর্তন এবং বিভিন্ন স্টাডির সুপারিশের আলোকে ইউপেপ গাইডলাইন পরিমার্জন করার প্রয়োজনীয়তা দেখা দেয়। এ প্রেক্ষাপটে বিভিন্ন স্টাডি ও কর্মশালার সুপারিশকে বিবেচনায় রেখে বর্তমান ইউপেপ গাউলাইনটি পরিমার্জন করা হয়, এর ফলে এ গাইডলাইন ইউপেপ প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণের জন্য কার্যকর ব্যবহার বান্ধব সহায়িকা হিসেবে কাজ করবে এবং ইউপেপ প্রণয়ন ও বাস্তবায়ন কার্যক্রমকে আরও সহজতর ও গতিশীল করবে।

## ১. পরিকল্পনা কী?

কোনো কাজ আরম্ভ করার আগে তার সম্পর্কে আগাম চিন্তাভাবনা এবং নির্দেশনা ঠিক করাকে বলা হয় পরিকল্পনা। পরিকল্পনা বিহীন কোন কাজ সফল হতে পারে না। পরিকল্পনা কোন কাজ নয়, এটা কাজ করার পূর্ব প্রস্তুতি এবং তা সবসময় ভবিষ্যত করণীয় বিষয়ে দিকনির্দেশনা দেয়। সাধারণত পরিকল্পনা বলতে কোনো প্রতিষ্ঠানের নির্দিষ্ট সময়সীমার মধ্যে সীমিত সম্পদ ব্যবহার করে নির্ধারিত লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের প্রক্রিয়াকে বোঝায়। এটি এমন একটি দলিল যাতে ভবিষ্যতের নির্দিষ্ট সময়ের মধ্যে নির্ধারিত লক্ষ্যসমূহ অর্জনের কৌশল, লক্ষ্য অর্জনের প্রয়োজনীয় সম্পদ, সম্পদের উৎস এবং সম্পদের ব্যবহারের উল্লেখ থাকে।

সময়কাল অনুসারে পরিকল্পনার বিভাজন নিম্নরূপ হতে পারে :

- স্বল্পমেয়াদি পরিকল্পনা (১ থেকে ১২ মাস)
- মধ্যমেয়াদি পরিকল্পনা (১ থেকে ৫ বছর)
- দীর্ঘমেয়াদি পরিকল্পনা (৫ বছরের অধিক)

পরিকল্পনা প্রণয়নের জন্য ধাপে ধাপে অনেকগুলো কাজ করতে হয়। পরিকল্পনা প্রণয়নের ধাপসমূহ হলো–

- পরিস্থিতি বিশ্লেষণ
- চাহিদা নিরূপণ
- লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণ
- সমস্যা চিহ্নিতকরণ
- সমস্যার মাত্রার ভিত্তিতে অগ্রাধিকার নির্ধারণ
- সমস্যা সমাধানে করণীয় নির্ধারণ
- ব্যয় নিরূপণ
- অর্থের উৎস নির্ধারণ
- পরিকল্পনা প্রণয়ন




*পরিকল্পনা বলতে কোনো প্রতিষ্ঠানের নির্দিষ্ট সময়সীমার মধ্যে সীমিত সম্পদ ব্যবহার করে নির্ধারিত লক্ষ্য ও উদ্দেশ্য অর্জনের প্রক্রিয়াকে বোঝায়।*

# ২. উপজেলা প্রাথমিক শিক্ষা পরিকল্পনার (ইউপেপ) ধারণা

উপজেলা প্রাথমিক শিক্ষা পরিকল্পনা Upazila Primary Education Plan-(UPEP) সংক্ষেপে ইউপেপ নামে পরিচিত। ইউপেপ উপজেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষা উন্নয়নের একটি হাতিয়ার। উপজেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষার সার্বিক মানোন্নয়নের জন্য উপজেলা প্রাথমিক বিদ্যালয়সমূহের সমস্যা চিহ্নিতকরণ এবং উপজেলা পর্যায়ে তা সমাধানের লক্ষ্যে উপজেলা প্রাথমিক শিক্ষা পরিকল্পনা বা ইউপেপ প্রণীত হয়। এ শিক্ষা পরিকল্পনার মূল উপজীব্য বিষয় হল উপজেলার নিজস্ব বাস্তবতা এবং প্রয়োজনের ভিত্তিতে উপজেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষার উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও তা বাস্তবায়ন। বিদ্যালয়ভিত্তিক উন্নয়ন পরিকল্পনার (স্লিপ) যে সকল উন্নয়ন কার্যক্রম স্লিপ গ্র্যান্ট বা স্থানীয়ভাবে সংগৃহীত অর্থে বাস্তবায়ন করা সম্ভব হয় না সে সকল কার্যক্রমসমূহ এবং উপজেলাভিত্তিক প্রাথমিক শিক্ষার সামগ্রিক মানোন্নয়নে অন্যান্য কার্যক্রমসমূহ তার অন্তর্ভুক্ত থাকবে।

বিদ্যালয় পর্যায়ে প্রণীত উন্নয়ন-পরিকল্পনা বা স্লিপ ভৌত উন্নয়ন ও অভৌত উন্নয়নের সঙ্গে সম্পর্কিত চাহিদাগুলো চিহ্নিত করতে প্রাক্কলিত ব্যয়সমূহকে স্লিপ থেকে সংকলিত করার পর ইউপেপে অন্তর্ভুক্ত করে ইউপেপ দলিল প্রণীত হবে। ইউপেপ তিন বছরের প্রয়োজনীয়তা বিবেচনায় রেখে মধ্যমেয়াদি আবর্তক পরিকল্পনা হিসেবে প্রণীত হবে। উক্ত আবর্তক পরিকল্পনা (Rolling Plan) কে বিবেচনায় নিয়ে প্রতি অর্থবছরের জন্য একটি বার্ষিক বাস্তবায়ন পরিকল্পনা প্রণয়ন করা হবে এবং তার প্রেক্ষিতে ইউপেপ বাস্তবায়িত হবে। এ পরিকল্পনায় পৃথকভাবে প্রথম বছরের বিস্তারিত বিবরণসহ পরবর্তী দু'বছরের আর্থিক প্রক্ষেপণ থাকবে। প্রথম বছর পরিকল্পনা বাস্তবায়ন করার পর তা মূল্যায়নের নিরিখে পরিবর্তী বছরের পরিকল্পনা ও আর্থিক প্রক্ষেপণ পুনঃসংশোধন (Re-adjust) করা যাবে। তবে এতে উপজেলার প্রাথমিক শিক্ষা সংক্রান্ত বিভিন্ন সামষ্টিক বিষয়াদি, যেমন বিদ্যালয়ের ভৌত অবকাঠামো, শ্রেণিকক্ষ নির্মাণ, নিরাপদ পানি ও পয়ঃনিষ্কাশনের ব্যবস্থা, বিদ্যালয় ভবনের বড় ধরনের মেরামত, সীমানা প্রাচীর নির্মাণ, গেইট নির্মাণ, আসবাবপত্র তৈরি এবং অভৌত কর্মকাণ্ড, যেমন বিদ্যালয়ের অফিসের যন্ত্রপাতি, শিখন-



*নিরাপদ পানি ও পয়ঃনিষ্কাশনের ব্যবস্থা*




*অটিজমসহ প্রতিবন্ধি শিশুদের জন্য শিক্ষা কার্যক্রম*



*সীমানা প্রাচীর নির্মাণ, গেইট নির্মাণ*

শিখানো উপকরণ, প্রাক-প্রাথমিক শিক্ষা কার্যক্রম, একীভূত শিক্ষা কার্যক্রম, জরুরি অবস্থায় শিক্ষা কার্যক্রম, দুর্যোগ ব্যবস্থাপনা কার্যক্রম, অটিজমসহ প্রতিবন্ধি শিশুদের জন্য শিক্ষা কার্যক্রম, শিশুদের স্বাস্থ্য সুরক্ষা ও তাদের নিরাপদ পরিবেশ, জনসম্পৃক্ততা ও সচেতনতা, খেলাধুলা, সাংস্কৃতিক কর্মকাণ্ড ও তার  ব্যবস্থাপনা, পাঠ্যপুস্তক বিতরণ ইত্যাদি তার অন্তর্ভুক্ত থাকবে।

## ৩. ইউপেপের লক্ষ্য

উপজেলা নিজস্ব বাস্তবতা এবং প্রয়োজনের নিরিখে সরকারি অনুদানের পাশাপাশি স্থানীয় সম্পদ ও সক্ষমতা ব্যবহারের মাধ্যমে প্রাথমিক শিক্ষা উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করে উপজেলার একীভূত, সুষম ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিত করে এসডিজির লক্ষ্যমাত্রা অর্জন করবে।

## ৪. ইউপেপের উদ্দেশ্য

উপজেলা প্রাথমিক শিক্ষা পরিকল্পনার মুখ্য উদ্দেশ্যসমূহ :

- উপজেলার বিদ্যালয়সমূহের সামগ্রিক শিখন ও শিখানোর পরিবেশ উন্নয়নের মাধ্যমে একীভূত, সুষম ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ;
- উপজেলার সকল বিদ্যালয় শিশুবান্ধব প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা;
- উপজেলা পর্যায়ে একীভূত শিক্ষার মাধ্যমে বৈষম্যহীন প্রাথমিক শিক্ষার পরিবেশ গড়ে তোলা;
- স্থানীয় সম্পদ সংগ্রহ ও  তা ব্যবহার করে প্রাথমিক শিক্ষার কাঙ্ক্ষিত উন্নয়ন সাধন;
- প্রাথমিক শিক্ষার সম্প্রসারণ ও উন্নয়নে স্থানীয় সরকার ও জনগণের অংশীদারিত্ব বৃদ্ধিকরণ;



*উপজেলার সকল বিদ্যালয় শিশুবান্ধব প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলা*

- উপজেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষায় জেন্ডার বৈষম্য দূর করা এবং প্রয়োজনভিত্তিক পরিকল্পনা প্রণয়ন;
- উপজেলা পর্যায়ে প্রাথমিক শিক্ষা উন্নয়ন পরিকল্পনা বিকেন্দ্রীকরণ;
- উপজেলা পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও ব্যবস্থাপনা সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি;
- উপজেলা পর্যায়ে বিদ্যালয়সমূহকে দুর্যোগে প্রস্তুতি ও সাড়া প্রদান কার্যক্রমের মাধ্যমে ছাত্রছাত্রী, শিক্ষক, বিদ্যালয় ও শিক্ষার ক্ষেত্রে দুর্যোগের ক্ষতিকর প্রভাব হ্রাসকরণ;
- উপজেলা শিক্ষা অফিসকে স্থানীয় পর্যায়ে প্রাথমিক শিক্ষার কম্পিউটার ভিত্তিক তথ্য ভাণ্ডারে পরিণতকরণ;
- প্রাথমিক শিক্ষার মানোন্নয়নে স্থানীয় বাস্তবতার আলোকে কৌশল নির্ধারণে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে সহায়তা করা;
- সকলের জন্য শিক্ষা এর KPI অর্জনের জন্য উপজেলাভিত্তিক কর্মপরিকল্পনা তৈরিকরণ;
- উপজেলা ও বিদ্যালয় পর্যায়ে চিহ্নিত চাহিদা ও এর অগ্রাধিকার, গৃহীত কার্যাবলি ও অর্জিত সাফল্য সম্পর্কে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরকে নিয়মিত অবহিতকরণ।

## ৫. স্লিপ ও ইউপেপ সম্পর্ক

বিদ্যালয়ভিত্তিক উন্নয়ন পরিকল্পনা (স্লিপ) এবং উপজেলা প্রাথমিক শিক্ষা পরিকল্পনার (ইউপেপ) মধ্যে নিবিড় সম্পর্ক বিদ্যমান। এ দুটি পরিকল্পনা একে অপরের পরিপূরকও বটে। বিদ্যালয় পর্যায়ে গৃহীত পরিকল্পনায় স্থানীয় জনগণের শিক্ষা সম্পর্কিত আশা আকাঙ্ক্ষার প্রতিফলন ঘটে। অপরদিকে উপজেলা পর্যায়ে পরিকল্পনা বৃহত্তর জনগোষ্ঠীর উন্নয়ন পরিকল্পনার সঙ্গে স্থানীয় জনগণের চাহিদাভিত্তিক পরিকল্পনা বা উন্নয়নের আকাঙ্ক্ষার যোগসূত্র হিসেবে কাজ করে। স্লিপ শুধু একটি প্রতিষ্ঠানভিত্তিক পরিকল্পনাই নয়, এটি প্রাথমিক শিক্ষার উন্নয়নের প্রারম্ভিক দলিল হিসেবে বিবেচিত হচ্ছে। স্লিপ এবং ইউপেপ পর্যায়ক্রমে জাতীয় পরিকল্পনার একটি গুরুত্ব পূর্ণ উপাদান হিসেবে স্বীকৃতি লাভ করেছে। স্লিপ ও ইউপেপ কেন্দ্রীয়ভাবে নির্ধারিত 'সরবরাহভিত্তিক প্রক্রিয়া' (supply-driven process) নয়, বরং স্থানীয় 'চাহিদাভিত্তিক প্রক্রিয়া' (demand-driven process)। ইউপেপের ভিত্তি স্লিপ, কিন্তু শুধু স্লিপসমূহের সমন্বয় ও ইউপেপের মাধ্যমে যে সকল কার্যক্রম হাতে নেওয়া হবে তা একত্রিত করে উপজেলা প্রাথমিক উন্নয়ন পরিকল্পনা দলিল প্রণয়ন করা হবে। প্রণীত ইউপেপ বা উপজেলা প্রাথমিক শিক্ষা উন্নয়ন পরিকল্পনা সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ বাস্তবায়ন করবে।

স্লিপ স্থানীয় জনগণের অংশগ্রহণে প্রণীত বিদ্যালয়ভিত্তিক প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়নের একটি বাস্তবধর্মী প্রচেষ্টা। স্লিপ বাস্তবায়নের মাধ্যমে সকল বিদ্যালয়কে কার্যকরী প্রতিষ্ঠানে উন্নীত করে শিশুদের জন্য একটি আনন্দময় শিক্ষার পরিবেশ সৃষ্টিতে সক্ষম হবে। স্লিপের মাধ্যমে সম্পদ প্রবাহের ধারাবাহিকতা থাকবে বিধায় বিদ্যালয় পর্যায়ে মালিকানাবোধ সৃষ্টি হবে। এ দিকটি ছাড়াও আর্থিক ব্যয় সম্পন্ন ভৌত উন্নয়ন ও শিক্ষার মানোন্নয়নের সঙ্গে সম্পর্কিত প্রয়োজনসমূহ চিহ্নিত করার ফলে উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস এসকল বিষয়ে অবহিত থাকবে। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিস এসব উন্নয়নমূলক ব্যয়সমূহকে স্লিপ থেকে সংকলিত করে ইউপেপে অন্তর্ভুক্ত করবে। সংশ্লিষ্ট কমিটি ইউপেপ অনুমোদনের পর বিদ্যালয় পর্যায়ের ইউপেপভুক্ত কার্যক্রম বিদ্যালয়ের এসএমসি বাস্তবায়ন করবে।

পরবর্তী পৃষ্ঠার চিত্রে স্লিপ ও ইউপেপের পারস্পরিক সম্পর্ক দেখানো হয়েছে। চিত্রে দেখা যায়, বিদ্যালয় পর্যায়ে স্থানীয় জনগোষ্ঠী সম্মিলিতভাবে বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকার বাস্তবতার সাথে সঙ্গতি রেখে বিদ্যালয়ের জন্য প্রকৃত প্রয়োজনভিত্তিক পরিকল্পনা তৈরি করবে। তারা যেসব উন্নয়নমূলক প্রয়োজন (developmental needs) নিজেদের সম্পদ দ্বারা মেটাতে পারবে না শুধু সেগুলো ইউপেপ পরিকল্পনায় উল্লেখ করবে। ইউপেপ বাস্তবায়নের জন্য স্লিপ কমিটির ন্যায় স্থানীয় ব্যক্তিগত অনুদান গ্রহণ করা যাবে না; তবে স্থানীয় সরকারের শিক্ষাখাতে বরাদ্দ প্রাথমিক শিক্ষা উন্নয়নে ব্যবহারের প্রয়াস চালাবে এবং এনজিও কার্যক্রম ইউপেপ পরিকল্পনার সাথে সমন্বয় করবে। এনজিওসমূহকে প্রাথমিক শিক্ষা সংক্রান্ত সকল কার্যক্রমের অনুমোদন অবশ্যই প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ থেকে করতে হবে।




## ৬. ইউপেপ প্রণয়ন টিম গঠন

- উপজেলা শিক্ষা কর্মকর্তা উপজেলা চেয়ারম্যানের সঙ্গে পরামর্শক্রমে উপজেলা শিক্ষা কমিটির সভায় 'ইউপেপ প্রণয়ন টিম' গঠনের প্রস্তাব করবেন।
- একইভাবে মহানগরের আওতায় নিয়োজিত থানা শিক্ষা কর্মকর্তা বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষার সঙ্গে পরামর্শক্রমে মহানগর প্রাথমিক শিক্ষা কমিটির সভায় 'টিপেপ প্রণয়ন টিম' গঠনের প্রস্তাব করবেন।



*ইউপেপ প্রণয়ন টিম গঠন*

ক. 'ইউপেপ প্রণয়ন টিম' উপজেলা নিম্নোক্ত কর্মকর্তাগণের সমন্বয়ে গঠিত হবে

| ক্র. স. | কর্মকর্তা/সদস্যবৃন্দ | টিমের পদ |
|---|---|---|
| ১ | উপজেলা শিক্ষা কর্মকর্তা | টিমলিডার |
| ২ | উপজেলা প্রকৌশলী (এলজিইডি) | সদস্য |
| ৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (ইউএইচও) | সদস্য |
| ৪ | সহকারী বা উপসহকারী প্রকৌশলী (ডিপিএইচই) | সদস্য |
| ৫ | ইন্সট্রাক্টর, ইউআরসি | সদস্য |
| ৬ | সহকারী উপজেলা শিক্ষা অফিসার (সকল) | সদস্য |
| ৭ | এনজিও প্রতিনিধি একজন [শিক্ষা নিয়ে কাজ করে এমন এনজিও (যদি থাকে)], যিনি উপজেলা নির্বাহী কর্মকর্তার মনোনীত। | সদস্য |

খ. মহানগর এলাকাধীন থানার জন্য প্রযোজ্য

| ক্র. স. | কর্মকর্তা/সদস্যবৃন্দ | টিমের পদ |
|---|---|---|
| ১ | থানা শিক্ষা কর্মকর্তা | টিমলিডার |
| ২ | সহকারী প্রকৌশলী (এলজিইডি) | সদস্য |
| ৩ | সহকারী বা উপ-সহকারী প্রকৌশলী (ডিপিএইচই) | সদস্য |
| ৪ | সিটি কর্পোরেশনের সিএইচওর প্রতিনিধি (স্বাস্থ্য কর্মকর্তা) | সদস্য |
| ৫ | ইন্সট্রাক্টর, টিআরসি | সদস্য |
| ৬ | সহকারী থানা শিক্ষা অফিসার (সকল) | সদস্য |
| ৭ | এনজিও প্রতিনিধি একজন [শিক্ষা নিয়ে কাজ করে এমন এনজিও (যদি থাকে)], জেলার এডিসি (শিক্ষা)-এর মনোনীত। | সদস্য |

## ৭. ইউপেপ প্রণয়ন টিমের কার্যপরিধি

- পরিকল্পনা প্রণয়নের জন্য প্রয়োজনীয় তথ্য উপাত্ত সংগ্রহ ও বিশ্লেষণ করা
- উপজেলা প্রাথমিক শিক্ষার বর্তমান অবস্থার বিবরণ সংগ্রহ করা
- উপজেলা পরিষদের সদস্যগণকে ইউপেপ সম্পর্কে ওরিয়েন্টেশন সভার মাধ্যমে অবহিতকরণ
- শিক্ষা সম্পর্কিত স্টেকহোল্ডাগণের সাথে মতবিনিময় সভা আয়োজন করা
- জাতীয় শিক্ষানীতি বাস্তবায়ন, সবার জন্য শিক্ষা এবং এসডিজির লক্ষমাত্রা অর্জনে সমস্যা চিহ্নিতকরণ
- অগ্রাধিকার ক্ষেত্রসমূহের তালিকা প্রস্তত করা



*ইউপেপ সম্পর্কে ওরিয়েন্টেশন সভা*

- ইউপেপের লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণ করা
- উপজেলা বর্তমান সমস্যা চিহ্নিত করে তা সমাধানের সুপারিশ করা
- স্লিপ হতে প্রাপ্ত তথ্য ও পরিস্থিতি বিশ্লেষণেরভিত্তিতে পরিকল্পনা দলিল প্রস্তুত করা
- পরিকল্পনা বাস্তবায়নের জন্য সময়ভিত্তিক কর্মপরিকল্পনা প্রস্তুত ও বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করা
- পরিকল্পনা বাস্তবায়নকালে নিয়মিত কার্যাবলি পরিবীক্ষণ করা
- প্রণয়নকৃত উপজেলা প্রাথমিক শিক্ষা পরিকল্পনা সংশ্লিষ্ট শিক্ষা কমিটিতে অনুমোদনের ব্যবস্থা গ্রহণ করা
- পরবর্তী বছরের পরিকল্পনা প্রণয়নের জন্য প্রস্তুতি গ্রহণ করা

## ৮. ইউপেপ প্রণয়ন এবং টিমের আনুষঙ্গিক ব্যয়নির্বাহ

- ইউপেপ প্রণয়ন টিমের কার্যসম্পাদনের জন্য প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে প্রতিটি উপজেলায় ১০ হাজার টাকা করে থোক বরাদ্দ প্রদান করা হবে।
- এ অর্থ ওরিয়েন্টেশন আয়োজন, মতবিনিময় সভা পরিচালনা এবং খসড়া ইউপেপ প্রণয়ন ও আনুষঙ্গিক কার্যক্রমে ব্যয় করা যাবে।

## ৯. ইউপেপ প্রণয়ন প্রক্রিয়া

০৮টি ধাপে ধারাবাহিকতা অনুসরণ করে ইউপেপ প্রণয়নের কাজ সম্পন্ন করতে হবে। ধাপগুলো হলো :

### ৯.১ প্রথম ধাপ : প্রত্যাশা নির্ধারণ

- এ ধাপে নিম্নোক্তভাবে উপজেলার বিভিন্ন দপ্তর বা সংস্থার সঙ্গে পর্যায়ক্রমে মতবিনিময় সভা করে উপজেলার প্রাথমিক শিক্ষা উন্নয়নের প্রত্যাশা নিরূপণ করবে।
- মতবিনিময়কালে পরিশিষ্ট ৩-এর ছক ব্যবহার করে আলোচনার রেকর্ড সংরক্ষণ করবে এবং উক্ত রেকর্ড ইউপেপ পরিকল্পনার সঙ্গে সংযুক্ত করতে হবে।




*মতবিনিময়কালে উপজেলার বর্তমান পরিস্থিতি উন্নয়নে করণীয় নিয়ে অংশগ্রহণকারীগণের মতামত নেবে*

- মতবিনিময়কালে ইউপেপ প্রণয়নের লক্ষ্য, উদ্দেশ্য ও বাস্তবায়ন বিষয়ে সকলকে অবহিত করবে।
- স্লিপ হতে প্রাপ্ত তথ্য বিশ্লেষণ করে উপজেলার বর্তমান পরিস্থিতি অংশগ্রহণকারীদের জানাবেন।
- মতবিনিময়কালে উপজেলা বর্তমান পরিস্থিতি উন্নয়নে করণীয় নিয়ে অংশগ্রহণকারীদের মতামত নেবে।
- একীভূত, সুষম ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে করণীয় কার্যক্রম চিহ্নিত করবে।
- শিক্ষা কার্যক্রমের ওপর দুর্যোগের ক্ষতিকর প্রভাব হ্রাসকরণের উপায় ইত্যাদি নিয়ে তাদের মতামত সংগ্রহ করবে।
- মতবিনিময়কালে প্রাপ্ত মতামত এবং স্লিপ সামগ্রিকীকরণ তথ্যের ওপর ভিত্তি করে উপজেলার প্রাথমিক শিক্ষা উন্নয়নে স্বপ্ন ও প্রত্যাশা নিরূপণ করবে।
- স্বপ্ন ও প্রত্যাশা পূরণের জন্য প্রয়োজনীয় সম্পদ সংগ্রহ করবে।

## ৯.২ দ্বিতীয় ধাপ : উপজেলার পরিস্থিতি বিশ্লেষণ

এ ধাপে নিচের ০৪টি কাজ সম্পন্ন করতে হবে। এ ০৪টি কাজ হলো :

### ৯.২.১ বিদ্যালয়ের বর্তমান অবস্থা বিশ্লেষণ

- ইউপেপ প্রণয়নের পূর্বে ইউপেপ প্রণয়ন টিম উপজেলার বর্তমান অবস্থা বিশ্লেষণ করার জন্য বিদ্যালয়ের জরিপ হতে প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করবে।
- জরিপ তথ্য ব্যবহার করে পরিশিষ্ট ১-এর ইউপেপ প্রণয়ন ছক পূরণপূর্বক উপজেলার স্থানীয় আপদ ও দুর্যোগকে বিবেচনায় রেখে অভ্যন্তরীণ ও পারিপার্শ্বিক পরিস্থিতি বিশ্লেষণ করবে।
- ইউপেপ প্রণয়ন টিম প্রাথমিক শিক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য সংগ্রহ করবে।
- ইউপেপ প্রণয়ন টিম উপজেলার ভৌগোলিক অবস্থা, জনসংখ্যার স্বরূপ এবং অর্থনৈতিক ও সামাজিক পরিস্থিতি বিশ্লেষণের জন্য পরিশিষ্ট ১-এর প্রদত্ত ছক অনুযায়ী বিদ্যালয় হতে প্রাপ্ত স্লিপ ও সংশ্লিষ্ট অধিদপ্তরের (যেমন– আদমশুমারি, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক প্রকাশিত তথ্য, অধিদপ্তর কর্তৃক প্রকাশিত তথ্য বা কম্পিউটার ডাটাবেজ, এপিএসসি, এএসপিআর ইত্যাদি) তথ্য সংগ্রহ করবে।
- উপজেলা প্রাথমিক শিক্ষার পরিস্থিতি বিশ্লেষণ করে পরিকল্পনার লক্ষ্য ও উদ্দেশ্য নির্ধারণ করতে হবে।
- উপজেলা প্রাথমিক শিক্ষার অবস্থা এবং বিদ্যালয়গুলোর ভৌত অবকাঠামোসহ উপজেলা বা থানার প্রাথমিক শিক্ষার মানোন্নয়নের জন্য সংশ্লিষ্ট বিষয়ে তথ্যাবলি সংগ্রহ করতে হবে।
- প্রাথমিক শিক্ষার ভৌত অবস্থা, অবকাঠামোগত উন্নয়নে সংশ্লিষ্ট আপদ বিবেচনা করা, শিক্ষকের পর্যাপ্ততা, প্রয়োজনীয় যন্ত্রাদি এবং সুযোগ-সুবিধার সামগ্রিক অবস্থা বিশ্লেষণ করতে হবে।
- উন্নয়নের লক্ষ্যমাত্রা নির্ধারণের আগে ভিত্তি তথ্যের (Baseline Data) ডাটাবেজ হালনাগাদ করতে হবে। এসব তথ্যের আলোকে উন্নয়নের লক্ষ্যমাত্রা নির্ধারণ করতে হবে।
- বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন-পরিকল্পনার (SLIP) তথ্য বিশ্লেষণ ও একত্রিকরণ (consolidation) করতে হবে।
- ইউপেপ প্রণয়ন টিম উপজেলার বিভিন্ন বিদ্যালয় থেকে প্রাপ্ত উন্নয়ন পরিকল্পনাগুলোতে উল্লেখিত উন্নয়নমূলক আইটেমগুলো (প্রাক্কলিত খরচ সহকারে) বিশ্লেষণ এবং একত্রিকরণ করে সমগ্র উপজেলার একটি বিবরণ তৈরি করবে এবং ওগুলো ইউপেপে অন্তর্ভুক্ত হবে। বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা ছকে বর্ণিত তথ্যগুলো উপজেলার প্রাথমিক শিক্ষা পরিকল্পনা দলিল তৈরির সময় ব্যবহার করতে হবে।

### ৯.২.২ উপজেলার সমস্যা চিহ্নিতকরণ

- ইউপেপ প্রণয়ন টিম পরিশিষ্ট ১-এর উপজেলা পরিস্থিতি বিশ্লেষণের ছক ব্যবহার করে বিদ্যালয়ের সমস্যাদি চিহ্নিত করবে।
- চিহ্নিত সমস্যার কারণসমূহ উদঘাটন করবে।
- চিহ্নিত সমস্যার কারণে এ সমস্যার নেতিবাচক প্রভাব নির্ণয় করবে।
- সমস্যা সমাধানের জন্য উপায় নির্ধারণ করবে ও উপজেলার বিদ্যমান সক্ষমতা নিরূপণ করবে।

### ৯.২.৩ সমস্যার মাত্রার ভিত্তিতে অগ্রাধিকার নির্ধারণ

- চিহ্নিত সমস্যার মাত্রার ভিত্তিতে অগ্রাধিকার নির্ধারণ করবে।
- উপজেলার শিখন-শিখানো কার্যক্রমকে অগ্রাধিকার দেবে।

### ৯.২.৪ সমস্যা সমাধানে প্রয়োজনীয় কার্যক্রম নির্ধারণ

- অর্জনযোগ্য মধ্যমেয়াদি ও দীর্ঘমেয়াদি লক্ষ্য নির্ধারণ করবে।
- লক্ষ্য অর্জনের জন্য কৌশল নির্বাচন করবে।
- শনাক্তকৃত চাহিদা বা প্রয়োজনেরভিত্তিতে ইউপেপের পরবর্তী তিন বছরের লক্ষ্যসমূহ প্রতিটি উন্নয়নের ক্ষেত্রের জন্য পৃথকভাবে নির্ধারণ করবে।
- লক্ষ্যগুলো হবে সংখ্যাবাচক, সুনির্দিষ্ট ও পরিমাপযোগ্য।
- নির্ধারিত লক্ষ্যগুলো সঠিকভাবে অর্জনের জন্য প্রয়োজনীয় বাস্তবভিত্তিক কৌশল বা কর্মসূচি নির্ধারণ করবে।
- প্রতিটি কৌশল বাস্তবায়ন করার জন্য যেসব কার্যসম্পাদন করার দরকার হবে সেগুলোর একটি তালিকাও তৈরি করবে।
- কৌশল প্রয়োগ সম্পর্কিত কর্মকাণ্ডের তালিকা তৈরি করবে।
- সমস্যা সমাধানের জন্য যথাযথ কার্যক্রম গ্রহণ করবে।
- কাঠামো (Structural) ও অকাঠামো (Non Structural) চাহিদা নির্ধারণ করবে।
- পরিশিষ্ট ১-এর ইউপেপ প্রণয়নের ছকের আলোকে গৃহীত কার্যক্রমসমূহকে চলতি বছরের কাঠামো ও অকাঠামোর চাহিদা নিরূপণ এবং পরবর্তী দু'বছরের জন্য প্রক্ষেপণ নির্ধারণ করবে।
- SLIP পরিকল্পনাসমূহ একত্রিকরণের মাধ্যমে প্রণয়নকৃত বিবরণ অনুযায়ী উপজেলার প্রাথমিক শিক্ষা সংক্রান্ত উন্নয়নের ক্ষেত্র, চাহিদা চিহ্নিত করতে হবে।
- SLIP বর্হিভূত কার্যাবলির ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলায় কী কী ক্ষেত্রে উন্নয়ন করা প্রয়োজন ইউপেপ প্রণয়ন কমিটি তা অগ্রাধিকারের ভিত্তিতে চিহ্নিত করবে।
- উপজেলার প্রাথমিক শিক্ষা পরিস্থিতি উন্নয়নের জন্য অনুচ্ছেদ শনাক্তকৃত চাহিদাসমূহ দুই শ্রেণিতে বিভক্ত করতে হবে–

  ১. উপজেলায় স্থানীয়ভাবে অর্জন ও সম্পাদনযোগ্য কার্যাবলির সাথে সংশ্লিষ্ট চাহিদাসমূহ

  ২. অধিদপ্তরকর্তৃক সম্পাদনযোগ্য ও কেন্দ্রীয়ভাবে অনুমোদনযোগ্য কার্যাবলির সঙ্গে সংশ্লিষ্ট চাহিদাসমূহ

## ৯.৩ তৃতীয় ধাপ : ব্যয় নিরূপণ

- এ ধাপে পরিকল্পনায় যে সকল কার্যক্রমের চাহিদা নির্ধারণ করা হয়েছে তা বাস্তবায়নের জন্য কার্যক্রম ভিত্তিক তালিকা প্রস্তুত করতে হবে।
- উন্নয়মূলক প্রয়োজনগুলোর জন্য আইটেমওয়ারি প্রতি ইউনিট টাকার হার এবং মোট কত টাকার প্রয়োজন হবে, তা হিসেব করে বের করতে হবে।
- বাজার দর যাচাই করে চূড়ান্ত ব্যয় নিরূপণ করতে হবে এবং এ হিসাব করার সময় সংশ্লিষ্ট সরকারি সংস্থার প্রতিনিধিরা সাহায্য করবেন।
- পরিশেষে প্রয়োজনীয় তহবিলের পরিমাণ নির্ধারণ করতে হবে।

## ৯.৪ চতুর্থ ধাপ : অর্থের উৎস নির্ধারণ

এ পর্যায়ে সম্পদ বা অর্থের উৎস নির্ধারণ করতে হবে। ইউপেপ কার্যক্রমের অনুদান ছাড়া অন্যান্য স্থানীয় নিম্নোক্ত উৎস হতে অর্থ সংগ্রহ করা যেতে পারে :

- জেলা পরিষদের এডিপি বা অনুদান
- জেলা প্রশাসনের অনুদান
- জনপ্রতিনিধি বা সাংসদদের অনুদান
- পিইডিপি ৩-এর বরাদ্দ
- রাজস্ব খাতের বরাদ্দ
- প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের অন্যান্য বরাদ্দ
- বিভিন্ন বেসরকারি সংস্থার (NGO) অনুদান
- অন্যান্য সরকারি দপ্তর বা সংস্থার অনুদান
- অন্যান্য উৎস হতে প্রাপ্ত অনুদান



*ইউপেপে বেসরকারি সংস্থার অনুদান*

- উল্লেখ্য, ব্যক্তি পর্যায়ের কোন অনুদান ইউপেপে গ্রহণ করা যাবে না। তবে কেউ ব্যক্তিগতভাবে আর্থিক বা দ্রব্যসামগ্রী দান করতে চাইলে তাকে বিদ্যালয়ের স্লিপে দান করতে অনুরোধ করতে হবে।

## ৯.৫ পঞ্চম ধাপ : বাজেট প্রণয়ন

এ পর্যায়ে নিম্নোক্তভাবে ইউপেপের বাজেট প্রণয়ন করতে হবে। যেমন–

- নিরূপিত ব্যয়ের তালিকা মোতাবেক প্রথম বছরের জন্য একটি বাজেট প্রণয়ন করতে হবে।
- প্রতিটি কার্যক্রমের দফাওয়ারি ইউনিট ব্যয় হিসাব করে বিস্তারিত বাজেট প্রণয়ন করতে হবে।
- প্রাপ্ত মোট সম্পদের ভিত্তিতে বাজেট প্রণয়ন করতে হবে।
- পরিশিষ্ট ১-এর ১৩ ক্রমিকের বাজেট ছক অনুসরণ করতে হবে।

## ৯.৬ ষষ্ঠ ধাপ : পরিকল্পনা প্রণয়ন

উপযুক্ত ধাপ অনুসরণ করে নিম্নোক্তভাবে পরিকল্পনা প্রণয়ন করতে হবে। যেমন–

- উপজেলার ভিশন এবং মিশন নির্ধারণ করে ইউপেপ দলিলে অন্তর্ভুক্ত করতে হবে।
- চাহিদা ও অগ্রাধিকারের আলোকে কার্যক্রম গ্রহণ করবে।
- গৃহীত কার্যক্রমের পরিমাণ বা সংখ্যা নির্ধারণ করবে।
- কার্যক্রমের একক ব্যয়ের আলোকে প্রয়োজনীয় বরাদ্দ নির্ধারণ করবে।
- অর্থের উৎস নির্ধারণ করবে।
- কার্যক্রম বাস্তবায়নের সময়কাল উল্লেখ করবে।
- কার্যক্রম বাস্তবায়নের জন্য উপযুক্ত ব্যক্তিকে চিহ্নিত করে দায়িত্ব প্রদান করবে।
- তিন বছরের আবর্তক পরিকল্পনা (rolling plan) প্রনয়ণ করতে হবে।
- ইউপেপ পরিকল্পনার ছক অনুসারে কার্যক্রম শ্রেণিবিন্যাস করতে হবে।
- বিদ্যালয়ের সুশাসন প্রাধিকার হিসাবে বিবেচনা করতে হবে।
- স্লিপ বাজেটের ইউপেপে অন্তর্ভুক্তিযোগ্য উন্নয়নমূলক কার্যাবলি বিদ্যালয়ের স্লিপ বাজেট হতে সংকলিত করতে হবে এবং এগুলো একত্রীকরণ করে সমগ্র উপজেলার একটি বিবরণ তৈরি করবে।
- উপজেলার যে সকল কার্যক্রমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কিংবা অন্যকোন উৎস হতে অর্থ প্রাপ্তির সম্ভাবনা নির্ধারিত আছে সে সকল কার্যক্রম অবশ্যই ইউপেপে অন্তর্ভুক্ত করতে হবে।

### ৯.৬.১ ইউপেপ জরুরি সাড়া প্রদান পরিকল্পনা প্রণয়ন

ইউপেপ প্রণয়ন ছকে নির্ধারিত চাহিদার আলোকে নিম্নোক্তভাবে উপজেলার নিরাপত্তা পরিকল্পনা অন্তর্ভুক্ত করতে হবে :

- পরিকল্পনা প্রণয়নের জন্য স্থানীয় আপদসমূহ চিহ্নিত করবে।



*ভূমিকম্পের ঝুঁকিহ্রাসে স্কুল পর্যায়ে নিরাপত্তা ও নিরাপদ স্থানে গমন মহড়া*

- আপদের কারণে শিক্ষক, ছাত্রছাত্রী, শিক্ষা ব্যবস্থার ওপর কী ধরনের প্রতিকূল প্রভাব পড়েছে তা নিরূপণ করবে।
- প্রতিকূল প্রভাব কমানোর জন্য যথাযথ কার্যক্রম গ্রহণ করবে।
- জরুরি পরিস্থিতিতে সাড়া প্রদানের জন্য পূর্ব প্রস্তুতিমূলক কার্যক্রম গ্রহণ করবে।
- দুর্যোগ প্রস্তুতি মহড়ার আয়োজন এবং তাতে অংশগ্রহণ করবে।
- সকল জরুরি সেবা, যেমন- ফায়ার ব্রিগেড, পুলিশ, র‍্যাব, হাসপাতাল, অ্যাম্বুলেন্স, বিদ্যুৎ অফিস, গ্যাস অফিস ইত্যাদির জরুরি ফোন নম্বরসহ একটি তালিকা প্রস্তুত করবে।
- দুর্যোগকালে কীভাবে সাড়া প্রদান করতে হবে সে বিষয়ে জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করবে।
- দুর্যোগকালে বিদ্যালয় সাইক্লোন শেল্টার হিসেবে ব্যবহৃত হলে এ সময় বিদ্যালয়ের সম্পদের সুরক্ষার ব্যবস্থা নিতে হবে।
- স্লিপ হতে প্রাপ্ত তথ্যরভিত্তিতে ইউপেপ টিম জরুরি সাড়া প্রদান পরিকল্পনার ছক ব্যবহার করে উপজেলার জন্য একটি জরুরি সাড়া প্রদান পরিকল্পনা তৈরি করবে। এতে উপজেলার বিদ্যালয়সমূহ, ছাত্রছাত্রী, শিক্ষক, কর্মচারী, ও শিক্ষা ব্যবস্থাকে দুর্যোগের ক্ষয়ক্ষতি হতে রক্ষা করার জন্য প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে এবং জরুরি পরিস্থিতে শিক্ষা কার্যক্রম চলমান রাখার কৌশল নির্ধারণ করবে।

### ৯.৭ সপ্তম ধাপ : ইউপেপ শেয়ারিং সভার আয়োজন

- ইউপেপ প্রণয়ন টিম কর্তৃক প্রণীত খসড়া স্লিপ উপজেলা উন্নয়ন কমিটির সভায় শেয়ারিং করবে।
- এ সভায় খসড়া ইউপেপ উপস্থাপন করে ফিডব্যাক বা মতামত সংগ্রহ করবে।
- প্রাপ্ত মতামত পরিকল্পনায় অন্তর্ভুক্ত করে ইউপেপ চূড়ান্ত করবে।

### ৯.৮ অষ্টম ধাপ : ইউপেপ অনুমোদন

- উপজেলা শিক্ষা অফিসার উপজেলা বা মহানগর শিক্ষা কমিটির সভায় চূড়ান্তকৃত ইউপেপ অনুমোদনের উদ্যোগ নেবেন।
- উপজেলা বা মহানগর শিক্ষা কমিটির সভায় চূড়ান্তকৃত ইউপেপ অনুমোদিত হবে।
- উপজেলা শিক্ষা অফিসার অনুমোদিত দুই কপি ইউপেপ জেলা প্রাথমিক শিক্ষা অফিসে প্রেরণ করবেন।
- অনুমোদিত ইউপেপের এক কপি সংশ্লিষ্ট উপজেলায় বাস্তবায়নের জন্য সংরক্ষণ করবেন।

## ১০. ইউপেপ বাস্তবায়ন

- উপজেলা শিক্ষা কমিটির তত্ত্বাবধানে উপজেলার সংশ্লিষ্ট দপ্তর বা সংস্থা কর্তৃক প্রণীত পরিকল্পনার কার্যক্রম বাস্তবায়িত হবে।
- প্রত্যেক উপজেলায় উপজেলা প্রাথমিক শিক্ষা পরিকল্পনা (ইউপেপ) নামে সোনালী ব্যাংক বা সরকারি বাণিজ্যিক ব্যাংকে একটি চলতি হিসাব থাকবে।
- উপজেলায় শিক্ষা কমিটির সভাপতি (উপজেলা চেয়ারম্যান) এবং উপজেলা শিক্ষা অফিসারের যৌথ স্বাক্ষরে উক্ত ব্যাংক হিসাবের মাধ্যমে ইউপেপ তহবিল পরিচালিত হবে।
- থানায় মহানগর শিক্ষা কমিটির সভাপতি (বিভাগীয় উপপরিচালক) এবং থানা শিক্ষা অফিসারের যৌথ স্বাক্ষরে ব্যাংক হিসাবের মাধ্যমে টিপেপের তহবিল পরিচালিত হবে।
- সরকারি অনুদান এবং বেসরকারিভাবে প্রাপ্ত স্থানীয় অনুদান ইউপেপ হিসাবে জমা করতে হবে।



*বেসরকারিভাবে প্রাপ্ত স্থানীয় অনুদান দ্রব্যসামগ্রী হলে তা বাজারদরে নগদ বিক্রি করে ব্যাংক হিসাবে জমা করতে হবে*

- ইউপেপ কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় অর্থ চেকের মাধ্যমে উক্ত হিসাব হতে অর্থ উত্তোলনপূর্বক ব্যয় করতে হবে।
- ইউপেপ তহবিলের হিসাব সংরক্ষণের জন্য ক্যাশবই ব্যবহার করতে হবে।
- প্রতিটি লেনদেন ক্যাশবইতে লিপিবদ্ধ করতে হবে।
- প্রতি অর্থবছর শেষে ব্যাংক হতে উক্ত হিসাবের ৩০ জুন তারিখ ব্যাংক স্টেটমেন্ট বা লেনদেনের প্রিন্ট আউট সংগ্রহ করে উপজেলা বা থানায় সংরক্ষণ করতে হবে।
- পরিদর্শনকারী কর্মকর্তা এবং নিরীক্ষা কর্মকর্তাগণকে ব্যাংক স্টেটমেন্ট বা লেনদেনের প্রিন্ট আউট প্রদর্শন করতে হবে।
- বেসরকারিভাবে প্রাপ্ত স্থানীয় অনুদান দ্রব্যসামগ্রী হলে তা বাজারদরে নগদ বিক্রি করে ব্যাংক হিসাবে জমা করতে হবে।
- সদস্য সচিব দায়িত্বপ্রাপ্ত দপ্তর বা সংস্থাকে পরিকল্পনার অনুলিপি দেবেন এবং দায়িত্ব পালনের বিষয়টি বুঝিয়ে দেবেন।
- দায়িত্ব প্রাপ্ত দপ্তর বা সংস্থা অর্পিত দায়িত্ব যথাসময়ে বাস্তবায়ন করবেন।
- ইউপেপ বাস্তবায়নের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ উন্নয়ন-পরিকল্পনা বাস্তবায়ন করবে, ইউপেপ টিম নয়।
- ইউপেপভুক্ত বিদ্যালয়ের যেকোন কার্যক্রম সংশ্লিষ্ট বিদ্যালয়ের এসএমসি বাস্তবায়ন করবে।
- ইউপেপ বাস্তবায়নে কোনো সমস্যা দেখা দিলে তা সমাধানকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে সময়মত বাস্তবায়ন নিশ্চিত করবে।
- ইউপেপ বাস্তবায়নে মাঠ ও কেন্দ্রীয় পর্যায়ের দায়িত্ব স্ব স্ব দপ্তর পালন করবে।
- প্রথমে পরীক্ষামূলকভাবে সীমিত সংখ্যক উপজেলা বা থানায় ইউপেপ বাস্তবায়ন করা যেতে পারে।
- পরীক্ষামূলক বাস্তবায়নের ফলাফলের ভিত্তিতে পরবর্তীতে বৃহত্তর পরিসরে ইউপেপ বাস্তবায়ন করা যেতে পারে।

## ১১. ইউপেপের অর্থায়ন

- পরিকল্পনা বাস্তবায়ন ব্যয় এলাকা ও বিদ্যালয়ের সংখ্যা ভেদে ইউপেপ অর্থায়ন বিভিন্ন রূপ হবে।
- বিদ্যালয়ের সংখ্যা, বিদ্যালয়ের বর্তমান ভৌত অবস্থা ও ভবিষ্যত প্রয়োজনের নিরিখে উপজেলা ভিত্তিক অর্থ বরাদ্দ বিবেচনায় আনা হবে।
- প্রাথমিক শিক্ষা অধিদপ্তর প্রতি উপজেলার সার্বিক অবস্থার মূল্যায়নের ভিত্তিতে আর্থিক বরাদ্দের পরিমাণ নির্ধারণ করবে।

### ১১.১ অর্থায়ন কৌশল : ইউপেপ প্রণয়নের জন্য অর্থ ছাড়

- অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের সুপারিশক্রমে অর্থবিভাগ থেকে প্রথম পর্যায়ে ইউপেপ প্রণয়ন ব্যয় বাবদ ১০ (দশ) হাজার টাকা উপজেলা শিক্ষা কর্মকর্তা বরাবর অর্থ ছাড় করা হবে।
- উপজেলা শিক্ষা অফিসার উপজেলা বা জেলা হিসাবরক্ষণ অফিস থেকে অর্থ উত্তোলন করে ইউপেপ প্রণয়নের খরচ মেটাবেন এবং পরবর্তী বছরগুলোর জন্য অনুরূপ প্রক্রিয়া অব্যাহত রাখবেন।

### ১১.২ অর্থায়ন কৌশল : অনুমোদিত ইউপেপ বাস্তবায়নের জন্য অর্থ ছাড়

- ইউপেপ অনুমোদিত হওয়ার পর অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ প্রাপ্ত ইউপেপ একত্রিকরণ করে অগ্রাধিকার ভিত্তিতে সম্পূর্ণ বা কিস্তিতে অর্থ ছাড়ের সুপারিশ অর্থবিভাগে প্রেরণ করবে।
- অর্থবিভাগ তদানুযায়ী মাঠ পর্যায়ে বরাদ্দ পত্র জারির ব্যবস্থা করবে। প্রধানত দু ধরনের কাজের জন্য অর্থ ছাড় করা হবে।
- উপজেলা পর্যায়ে অনুষ্ঠিতব্য কাজ, যেমন- ক্রীড়া প্রতিযোগিতা, সাংস্কৃতিক প্রতিযোগিতা, মীনা দিবস, বিজ্ঞান মেলা, নানা প্রশিক্ষণ, বিদ্যালয়ে স্বাস্থ্য কার্যক্রম, এডুকেশন ইন এমার্জেন্সি উপজেলা শিক্ষা অফিস এবং ভৌত অবকাঠামো বাস্তবায়ন সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মাধ্যমে সম্পন্ন করা হবে।



*ক্রীড়া প্রতিযোগিতা*




*বিদ্যালয়ে স্বাস্থ্যকার্যক্রম*

## ১২. প্রশিক্ষণ প্রক্রিয়া

- ইউপেপ প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কে ধারণা প্রদান এবং সংশ্লিষ্ট ব্যক্তিবর্গের পরিকল্পনা প্রণয়ন দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে দ্বি-স্তর বিশিষ্ট প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করা হবে।
- বিশেষজ্ঞ প্রশিক্ষকগণ অধিদপ্তর কর্তৃক নির্বাচিত মাস্টার ট্রেনার্সগণকে প্রশিক্ষণ প্রদান করবেন।
- প্রশিক্ষণকার্য সুচারুরূপে পরিচালনার জন্য বিশেষজ্ঞ প্রশিক্ষকগণ প্রশিক্ষণ ম্যানুয়াল ব্যবহার করবেন।
- প্রাথমিক শিক্ষা অধিদপ্তর নির্বাচিত উপজেলা বা থানাসমূহের জন্য দু'দিনব্যাপী ইউপেপ মাস্টার ট্রেনার্স প্রশিক্ষণের আয়োজন করবে।
- উপজেলা শিক্ষা কর্মকর্তা, একজন সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা এবং ইন্সট্রাক্টর ইউআরসি বা টিআরসি এ প্রশিক্ষণ গ্রহণ করবেন।
- প্রশিক্ষণপ্রাপ্ত কর্মকর্তারা ইউপেপ টিম, উপজেলা শিক্ষা কমিটির সদস্যগণ এবং ডিপিইওকে ইউপেপ সম্পর্কে ০১ দিনের ওরিয়েন্টেশন সভার মাধ্যমে অবহিত করবেন।
- উপজেলা শিক্ষা কর্মকর্তা এ ওরিয়েন্টেশন সভার আয়োজনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

## ১৩. কম্পিউটারভিত্তিক ডাটাবেজ তৈরিকরণ

পরিস্থিতি বিশ্লেষণ, মানসূচক ও কৃতিসূচক নিরীক্ষা ও বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা বিশ্লেষণ থেকে প্রাপ্ত তথ্যাদি এবং ইউপেপের অন্তর্ভুক্ত বিভিন্ন তথ্যাবলি সহজ ও সঠিকভাবে সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, ব্যবহারকরণ ও বিস্তরণের সুবিধার্থে উপজেলাভিত্তিক একটি ডাটাবেজ তৈরি এবং হালনাগাদ করতে হবে।



*কম্পিউটারভিত্তিক ডাটাবেজ তৈরিকরণ*

# ১৪. ইউপেপ প্রণয়ন ও বাস্তবায়ন সংক্রান্ত কর্তৃপক্ষীয় দায়িত্ব

ইউপেপ প্রণয়ন ও বাস্তবায়নে মাঠ ও কেন্দ্রীয় পর্যায়ের বিভিন্ন অফিসসমূহের দায়িত্ব ও কর্তব্য নিম্নরূপ :

## মাঠ পর্যায়

### ১৪.১ উপজেলা শিক্ষা অফিস

- ইউপেপ প্রণয়ন টিম প্রণীত ইউপেপ উপজেলা শিক্ষা কমিটি এবং মহানগর প্রাথমিক শিক্ষা কমিটি কর্তৃক অনুমোদিত হওয়ার ০৩ দিনের মধ্যে উপজেলা শিক্ষা কর্মকর্তা পরিকল্পনার ০২ কপি জেলা প্রাথমিক শিক্ষা অফিসে প্রেরণ করবেন।
- পরিকল্পনা অনুমোদিত হওয়ার পর উপজেলা শিক্ষা কর্মকর্তা ইউপেপ টিমের সহায়তায় পরিকল্পনা বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- উপজেলার সংশ্লিষ্ট দপ্তরকে পত্র দিয়ে তাঁদের দায়িত্ব যথাসময়ে পালন করবে তা লিখিতভাবে জানাবেন।
- বিদ্যালয়ের কোন কার্যক্রম ইউপেপ অনুমোদিত হয়ে থাকলে সে সম্পর্কে উক্ত বিদ্যালয়ের এসএমসিকে ইউপেপ অনুমোদনের বিষয়টি লিখিতভাবে জানাবেন।
- বিদ্যালয়ের জন্য কী কী খাতে কত টাকা অনুমোদিত হয়েছে তা উল্লেখ করবেন।
- পরিকল্পনা বাস্তবায়নকালে প্রতি ০৩ মাস পর পর তিনি শিক্ষা কমিটির সভায় অগ্রগতি পর্যালোচনা করবেন।
- ইউপেপ সম্পর্কিত রিপোর্ট বিভাগীয় কার্যালয়কে অবহিত রেখে জেলা প্রাথমিক শিক্ষা অফিসের মাধ্যমে পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের স্লিপ ও ইউপেপ সেলে পাঠাবেন।
- নির্দিষ্ট অর্থবছরের মধ্যেই উপজেলা অফিস সমস্ত খরচ সম্পন্ন করবে এবং পরবর্তী অর্থবছরের ১৫ জুলাই তারিখের মধ্যে ভাউচারসহ 'খরচের বিবরণ' (SOE) অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের স্লিপ ও ইউপেপ সেলে প্রেরণ করবে।
- সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে যাবতীয় ভাউচার দাখিল পূর্বক সমন্বয় করে অর্থ ও সংগ্রহ বিভাগের 'অনলাইন ওয়েববেইজড একাউন্টিং সিস্টেমে' এন্ট্রি করবে।
- পরিকল্পনায় উল্লিখিত লক্ষ্য অর্জনের জন্য উপজেলা অফিস উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট দায়বদ্ধ থাকবে।
- পরিশিষ্ট ১-এর ক্রমিক ১৩ ছক উপজেলা শিক্ষা অফিসের দর্শনীয় স্থানে সেঁটে রাখতে হবে।

### ১৪.২ জেলা প্রাথমিক শিক্ষা অফিস

- জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা অনুমোদিত ইউপেপসমূহ সমন্বিত করে একটি সারসংক্ষেপ (বিবরণ) তৈরি করবেন ও পরিকল্পনাসমূহের কপিসহ ইউপেপসমূহ ০৭ দিনের মধ্যে অধিপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগে প্রেরণ করবেন।
- জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ইউপেপ বিষয়ক ওরিয়েন্টেশন কর্মসূচিতে অংশগ্রহণ করবেন।
- ইউপেপ সম্পর্কে সুস্পষ্ট ধারণা লাভ করে উপজেলা শিক্ষা অফিসারকে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান করবেন।

### ১৪.৩ বিভাগীয় কার্যালয়

- বিভাগীয় উপপরিচালক জেলা প্রাথমিক শিক্ষা অফিস থেকে প্রাপ্ত ইউপেপ সারসংক্ষেপ সংরক্ষণ করবেন।
- জেলা প্রাথমিক শিক্ষা অফিসকে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবেন।

## কেন্দ্রীয় পর্যায়

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ ইউপেপ সম্পর্কিত কার্যাবলির ব্যবস্থাপনা ও তদারকি করবে এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন বিভাগ ইউপেপ বাস্তবায়নের জন্য নিম্নোক্ত দায়িত্বসমূহ পালন করবে–

## ১৪.৪ পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ

- ইউপেপ মাস্টার ট্রেনার্স প্রশিক্ষণ আয়োজন এবং প্রশিক্ষণ কার্যকরভাবে পরিচালনার প্রয়োজনীয় ব্যস্থা গ্রহণ করবে।
- ইউপপ প্রণয়নের প্রয়োজনীয় ব্যয়ের জন্য প্রতিটি উপজেলা বা থানায় ১০ হাজার টাকা করে বরাদ্দ দেবে।
- প্রশিক্ষকগণের প্রশিক্ষণ কর্ম তদারকি করে প্রশিক্ষণের মান নিশ্চিত করবে।
- ইউপেপ চাহিদা একত্রিকরণ করে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের জন্য অর্থ ও সংগ্রহ বিভাগকে অনুরোধ জানাবে।
- আইএমডির সহায়তায় ইউপেপ সংক্রান্ত তথ্যাবলি সংরক্ষণ, প্রক্রিয়াকরণ, হালনাগাদকরণ ও তথ্যভিত্তিক প্রতিবেদন সহজতর করার লক্ষ্যে উপজেলা অফিসে ব্যবহারের জন্য একটি 'ডাটাবেজ সফ্‌টওয়্যার' তৈরি করবে।
- প্রয়োজনানুযায়ী ইউপেপ নির্দেশিকার পরিমার্জন বা সংশোধনের উদ্যোগ গ্রহণ করবে।
- ইউপেপ সম্পর্কিত যাবতীয় কাজ সমন্বয় করবে।
- ইউপেপ সফলভাবে বাস্তবায়নার্থে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের সাথে সমন্বয় সাধন করবে।
- প্রাপ্ত ইউপেপ যাচাইবাছাইপূর্বক সর্বমোট বাজেট প্রস্তুত করে এওপির অন্তর্ভুক্তির ব্যবস্থা গ্রহণ করবে।

## ১৪.৫ প্রশিক্ষণ বিভাগ

- প্রশিক্ষণ বিভাগ ইউপেপ কার্যক্রমের প্রশিক্ষণ বর্ষপঞ্জিতে অন্তর্ভুক্ত করে প্রশিক্ষণ সফলতায় সার্বিক সহায়তা দেবে।
- প্রশিক্ষণ প্রদানের বিষয়ে ফলোআপ করবে।

## ১৪.৬ অর্থ ও সংগ্রহ বিভাগ

- পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের সুপারিশক্রমে ইউপেপ বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় অর্থ ছাড় করবে।
- অর্থ ব্যবস্থাপনা সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করবে।
- প্রয়োজন অনুযায়ী আর্থিক বিধিবিধান সংক্রান্ত পরিপত্র জারির উদ্যোগ গ্রহণ করবে।

## ১৪.৭ পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

- উপজেলা পর্যায়ে স্লিপ ও ইউপেপের বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণের জন্য ছক তৈরি করবে।
- প্রয়োজনীয় তথ্য সংগ্রহপূর্বক মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করবে।
- পরীক্ষামূলকভাবে ইউপেপ বাস্তবায়িত হলে পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের সহযোগিতায় পাইলট পর্যায়ের অগ্রগতির অবস্থা ও প্রভাব অনুধাবন করার জন্য একটি সমীক্ষা পরিচালনাপূর্বক প্রতিবেদন প্রণয়ন করবে।

## ১৫. ইউপেপ বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন

### ১৫. ১ পরিবীক্ষণ কৌশল

- পরিদনর্শকারী কর্মকর্তাগণ ইউপেপ কার্যক্রম বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবে।



*পরিদনর্শকারী কর্মকর্তাগণ ইউপেপ কার্যক্রম বিষয়ে প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবে*

- ইউপেপ বাস্তবায়নকালে পরিবীক্ষণ কর্মকর্তাবৃন্দ উপজেলা পর্যায়ে মাসিকভিত্তিতে পরিদর্শন করবেন।
- পরিদর্শনকালে মনিটরিং ছক পূরণ করবেন উপজেলা শিক্ষা কর্মকর্তা ও ইউপেপ প্রণয়ন টিমের সদস্যগণের সঙ্গে বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে পর্যালোচনা করবেন ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের সুপারিশ  করবেন।
- ইউপেপ প্রণয়ন টিমের সদস্যবৃন্দ নিজেদের মধ্যে পরিবীক্ষণের দায়িত্ব ভাগ করে নেবেন। প্রতিটি সাব-ক্লাস্টার টিমের নেতৃত্বে থাকবেন সংশ্লিষ্ট সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তা।

### ১৫.২ মূল্যায়ন কৌশল

- ইউপেপ টিম প্রতি ০৩ মাসে অন্তত একবার সভায় মিলিত হয়ে ইউপেপ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনাপূর্বক একটি মাসিক প্রতিবেদন তৈরি করে জেলা প্রাথমিক শিক্ষা অফিসের মাধ্যমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগে প্রতিবেদন প্রেরণ করবে।
- জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা প্রতি ০৩ মাস অন্তর ইউপেপ বাস্তবায়নের কার্যক্রম পর্যালোচনা করে প্রতিবেদন তৈরি করবেন। তিনি সুপারিশসহ প্রতিবেদনের ০১ কপি পরিকল্পনা ও উন্নয়ন বিভাগে প্রেরণ এবং অবগতির জন্য ০১ কপি সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা কর্মকর্তার নিকট প্রেরণ করবেন।
- পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ অর্ধবার্ষিকভিত্তিতে ইউপেপ বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতি পর্যালোচনা করবে এবং সংশ্লিষ্ট উপজেলায় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

## ১৫.৩ বিভিন্ন পর্যায়ের পরিবীক্ষণ ও মূল্যায়ন

ইউপেপ বাস্তবায়নকালে বিভিন্ন পর্যায়ের পরিবীক্ষণ কর্মকর্তাবৃন্দ নিম্নোক্তভাবে ইউপেপ নিবিড় পরিবীক্ষণ করবেন। যেগুলো হল–

### জেলা পর্যায়ে স্লিপ কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন

#### সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

- সহকারী জেলা প্রাথমিক শিক্ষা অফিসারগণ উপজেলা শিক্ষা অফিস পরিদর্শনকালে পরিশিষ্ট ২ ও ৭-এর নির্ধারিত ছকে ইউপেপ প্রণয়ন ও বাস্তবায়ন কার্যক্রম নিবিড়ভাবে পরিবীক্ষণ করবেন এবং প্রয়োজনীয় পরামর্শ দেবেন।
- তিনি তার আওতাধীন উপজেলাসমূহ হতে প্রেরিত ইউপেপ কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত তথ্যাদি একত্রিকরণ (Consolidated) করে জেলা প্রাথমিক শিক্ষা অফিসারের মাধ্যমে মাসিকভিত্তিতে পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের স্লিপ সেলে ইমেইল এবং ডাকযোগে প্রেরণ করবেন।

#### জেলা প্রাথমিক শিক্ষা অফিসার

- জেলা শিক্ষা অফিসার উপজেলা শিক্ষা অফিস পরিদর্শনকালে পরিশিষ্ট ২ ও ৭-এর নির্ধারিত ছকে বিদ্যালয়ের ইউপেপ প্রণয়ন ও বাস্তবায়ন কার্যক্রম নিবিড় পরিবীক্ষণ করে প্রয়োজনীয় পরামর্শ দেবেন এবং মাসিকভিত্তিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্লিপ ও ইউপেপ সেলে ইমেইল বা ডাকযোগে প্রতিবেদন প্রেরণ করবেন।
- তিনি ইউপেপ কার্যক্রমের অগ্রগতির বিষয়টি জেলার মাসিক সমন্বয়সভার আলোচ্য বিষয়ে অন্তর্ভুক্ত করে ইউপেপ কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনা করবেন এবং প্রয়োজনীয় পরামর্শ দিয়ে বাস্তবায়ন নিশ্চিত করবেন।

#### জেলা দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা

- জেলার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা উপজেলা শিক্ষা অফিস পরিদর্শনকালে পরিশিষ্ট ২ ও ৭-এর নির্ধারিত ছকে ইউপেপ কার্যক্রম পরিবীক্ষণ করবেন এবং অগ্রগতি মূল্যায়ন করে প্রয়োজনীয় পরামর্শ দেবেন। তিনি প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্লিপ-ইউপেপ সেলে প্রতিবেদন দাখিল করবেন।

### বিভাগীয় পর্যায়ে স্লিপ কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন

#### সহকারী পরিচালক

- বিভাগীয় প্রাথমিক শিক্ষা অফিসে কর্মরত সহকারী পরিচালক উপজেলা শিক্ষা অফিস পরিদর্শনকালে পরিশিষ্ট ২ ও ৭-এর নির্ধারিত ছকে বিদ্যালয়ের ইউপেপ প্রণয়ন ও বাস্তবায়ন কার্যক্রম নিবিড়ভাবে পরিবীক্ষণ করে প্রয়োজনীয় পরামর্শ দেবেন।
- মাসিকভিত্তিতে বিভাগীয় উপ-পরিচালকের মাধ্যমে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্লিপ ও ইউপেপ সেলে ইমেইল বা ডাকযোগে প্রতিবেদন প্রেরণ করবেন।

#### বিভাগীয় উপ-পরিচালক

- বিভাগীয় উপ-পরিচালকগণ উপজেলা শিক্ষা অফিস পরিদর্শনকালে পরিশিষ্ট ২ ও ৭-এর নির্ধারিত ছকে ইউপেপ প্রণয়ন ও বাস্তবায়ন কার্যক্রম নিবিড়ভাবে পরিবীক্ষণ করে প্রয়োজনীয় পরামর্শ দেবেন।
- মাসিকভিত্তিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের স্লিপ ও ইউপেপ সেলে মেইল বা ডাকযোগে প্রতিবেদন প্রেরণ করবেন।
- ইউপেপ প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতির বিষয়টি বিভাগীয় মাসিক সমন্বয় সভার আলোচ্য বিষয়ের অন্তর্ভুক্ত করবেন এবং মাসিক সমন্বয় সভায় ইউপেপ প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতির বিষয়ে আলোচনা করবেন এবং প্রয়োজনীয় পরামর্শ দিয়ে বাস্তবায়ন নিশ্চিত করবেন।

## প্রাথমিক শিক্ষা অধিদপ্তর পর্যায়ে স্লিপ কার্যক্রম পরিবীক্ষণ ও মূল্যায়ন

### পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের কর্মকর্তা

- প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের কর্মকর্তাগণ মাসিকভিত্তিতে উপজেলা শিক্ষা অফিসের ইউপেপ কার্যক্রম প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিশিষ্ট ২ ও ৭-এর নির্ধারিত ছকে নিবিড় পরিবীক্ষণ করে প্রয়োজনীয় পরামর্শ দেবেন।
- পরিদর্শনের ০৩ দিনের মধ্যে পরিচালক (পরি. ও উন্ন.) বরাবর এ সংক্রান্ত প্রতিবেদন দাখিল করবেন।

### প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তা

- প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তাগণ উপজেলা শিক্ষা অফিস পরিদর্শনকালে ইউপেপ কার্যক্রম প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতি পরিশিষ্ট ২ ও ৭-এর নির্ধারিত ছকে নিবিড় পরিবীক্ষণ করে প্রয়োজনীয় পরামর্শ দেবেন।
- পরিদর্শনের ০৩ দিনের মধ্যে পরিকল্পনা ও উন্নয়ন বিভাগে এ সংক্রান্ত প্রতিবেদন দাখিল করবেন।

## ১৬. ইউপেপ কার্যক্রম ও সময়সূচি

### ১৬.১ ইউপেপ কার্যক্রমসূচি


- উপজেলা প্রাথমিক শিক্ষা পরিকল্পনা প্রতি অর্থবছরে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে বরাদ্দকৃত অর্থের মাধ্যমে বাস্তবায়ন করা হবে।
- বছরভিত্তিক উপজেলা প্রাথমিক শিক্ষা পরিকল্পনা বাস্তবায়ন সময়সূচি হবে জুলাই হতে মে মাস পর্যন্ত প্রতি অর্থবছর শুরুর আগে চলমান শিক্ষাবর্ষের ছাত্রছাত্রী ভর্তির পরে বিদ্যালয়ভিত্তিক যাবতীয় তথ্য সংগ্রহের মাধ্যমে ইউপেপ প্রণয়ন টিম কর্তৃক পরিকল্পনা দলিল প্রণয়ন এবং অনুমোদন প্রক্রিয়া চূড়ান্ত করা হবে।
- অনুমোদিত ইউপেপ ১০ জানুয়ারির মধ্যে জেলা প্রাথমিক শিক্ষা অফিসে প্রেরণ করতে হবে এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ২০ জানুয়ারির মধ্যে স্লিপ ও ইউপেপ সেলে প্রেরণ করবেন।
- পরবর্তী অর্থবছরের মধ্যে বাস্তবায়ন সমাপ্ত করতে হবে।

### ১৬.২. ইউপেপ কার্যক্রমের সময়সূচি

ইউপেপ প্রণয়ন ও বাস্তবায়নে নিম্নোক্ত সময়সূচি অনুসরণ করতে হবে :

| ক্র. স. | কার্যক্রম | সময়সীমা | পর্যায় |
|---|---|---|---|
| ১. | অধিদপ্তর কর্তৃক ইউইও বা টিইওকে ইউপেপ কার্যক্রম গ্রহণের নির্দেশনা প্রদান | ১০ ডিসেম্বর | ইউইও/টিইও |
| ২. | উপজেলা পর্যায়ে ইউপেপ প্রণয়ন টিম গঠন | ১০-২০ ডিসেম্বর | ইউইও/টিইও |
| ৩. | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রশিক্ষণ আয়োজন | ২০-৩১ ডিসেম্বর | স্লিপ ও ইউপেপ সেল |
| ৪. | ইউপেপ প্রণয়ন ও চূড়ান্তকরণ | ১-৫ জানুয়ারি | ইউপেপ/টিপেপ টিম |
| ৫. | উপজেলা শিক্ষা কমিটি কর্তৃক ইউপেপ অনুমোদন | ১-১০ জানুয়ারি | উপজেলা/মহানগর শিক্ষা কমিটি |
| ৬. | দুই কপি জেলা প্রাথমিক শিক্ষা অফিসে প্রেরণ | ১-১০ জানুয়ারি | ইউইও/টিইও |
| ৭. | এক কপি স্লিপ ও ইউপেপ সেলে প্রেরণ | ১০-২০ জানুয়ারি | ডিপিইও |
| ৮. | পরিকল্পনা ও চাহিদার সারসংক্ষেপসমূহ যাচাই-বাছাই | ২০-২৮ জানুয়ারি | স্লিপ ও ইউপেপ সেল |
| ৯. | পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ কর্তৃক পরিকল্পনা বা চাহিদার সারসংক্ষেপসমূহ যাচাই-বাছাইপূর্বক সর্বমোট বাজেট প্রস্তুত করে এওপির অন্তর্ভুক্তিকরণ | ০১-২০ ফেব্রুয়ারি | স্লিপ ও ইউপেপ সেল |
| ১০. | পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের স্লিপ ও ইউপেপ সেলকর্তৃক চাহিদা প্রস্তুত করে অর্থবিভাগে প্রেরণ | ১-৩০ জুন | পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ |
| ১১. | অর্থবিভাগকর্তৃক ইউইও বা টিইও বরাবর অর্থ ছাড়করণ | ১-১৫ জুলাই | অর্থবিভাগ, প্রাশিঅ |
| ১২. | ইউইও বা টিইওকর্তৃক অর্থ উত্তোলন | ১৫-২০ জুলাই | ইউইও/টিইও |
| ১৩. | ইউপেপ বাস্তবায়ন | ১ জুলাই-৩০ জুন | সংশ্লিষ্ট দপ্তর বা সংস্থা |
| ১৪. | ব্যয় বিবরণ, ভ্যাটের চালান ও বরাদ্দের সকল ভাউচার উপজেলা হিসাবরক্ষণ অফিসে প্রেরণ | ৩১ মে | ইউইও/টিইও |
| ১৫. | সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিসে যাবতীয় ভাউচার দাখিল পূর্বক সমন্বয় করে অর্থ ও সংগ্রহ বিভাগের 'অনলাইন ওয়েববেইজড একাউন্টিং সিস্টেমে' এন্ট্রিকরণ | ১ জুলাই | ইউইও/টিইও |

## ১৬.৩ ইউপেপ প্রবাহচিত্র



## পরিশিষ্ট ১ : ইউপেপ প্রণয়ন ছক

১. উপজেলা নাম : ..............................................................................................

২. জেলা নাম : ..............................................................................................

৩. মোট বিদ্যালয়ের সংখ্যা : ..............................................................................................

৪. ইউপেপের লক্ষ্য : ..............................................................................................

৫. ইউপেপের উদ্দেশ্য : ..............................................................................................

৬. কর্মকর্তা, কর্মচারী ও শিক্ষক তথ্য :

| পদের নাম | মোট পদ সংখ্যা | কর্মরত | শূন্যপদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| উপজেলা শিক্ষা অফিসার | | | | |
| সহকারী উপজেলা শিক্ষা অফিসার | | | | |
| ইউআরসি ইন্সট্রাক্টর | | | | |
| সহকারী ইউআরসি ইন্সট্রাক্টর | | | | |
| প্রধান শিক্ষক | | | | |
| সহকারী শিক্ষক | | | | |
| কর্মচারি | | | | |

৭. শ্রেণিভিত্তিক ছাত্রছাত্রীর ভর্তি সংক্রান্ত তথ্য

| চলতি বছর | | | প্রক্ষেপণ | | | |
|---|---|---|---|---|---|---|
| শ্রেণি | চলতি বছর (.............) | | দ্বিতীয় বছর (.............) | | তৃতীয় বছর (.............) | |
| | ছাত্র | ছাত্রী | ছাত্র | ছাত্রী | ছাত্র | ছাত্রী |
| প্রাক-প্রাথমিক | | | | | | |
| প্রথম | | | | | | |
| দ্বিতীয় | | | | | | |
| তৃতীয় | | | | | | |
| চতুর্থ | | | | | | |
| পঞ্চম | | | | | | |
| মোট | | | | | | |

৮. বিশেষ চাহিদা সম্পন্ন ছাত্রছাত্রীর ভর্তি সংক্রান্ত তথ্য

| চলতি বছর (.............) | | দ্বিতীয় বছর (.............) | | তৃতীয় বছর (.............) | |
|---|---|---|---|---|---|
| ছাত্র | ছাত্রী | ছাত্র | ছাত্রী | ছাত্র | ছাত্রী |
| | | | | | |

৯. ঝরে পড়া শিক্ষার্থী তথ্য (পূর্ববর্তী বছর)

| ছাত্রছাত্রী | প্রথম শ্রেণি | দ্বিতীয় শ্রেণি | তৃতীয় শ্রেণি | চতুর্থ শ্রেণি | পঞ্চম শ্রেণি | মোট |
|---|---|---|---|---|---|---|
| বালক | | | | | | |
| বালিকা | | | | | | |
| প্রতিবন্ধি | | | | | | |

## ১০. উপজেলার প্রাথমিক শিক্ষা পরিস্থিতি বিশ্লেষণ

১০.১ উপজেলার সমস্যা নিরূপণ সংক্রান্ত তথ্য

| সম্ভাব্য সমস্যাসমূহ | সমস্যার কারণ | সমস্যার সমাধান |
|---|---|---|
| ১. একীভূত শিক্ষা | | |
| ২. দুর্যোগকালীন শিক্ষা অব্যাহত এবং দুর্যোগ ব্যবস্থপনা | | |
| ৩. অন্যান্য | | |

১০.২ সমস্যার মাত্রার ভিত্তিতে সমাধান নির্ধারণ

| মাত্রার ভিত্তিতে সমস্যার তালিকা | সমস্যা সমাধানে বিদ্যমান সক্ষমতা | সমস্যা সমাধানে প্রয়োজনীয় কার্যক্রম |
|---|---|---|
| | | |
| | | |

## ১১. কাঠামো (Structural) চাহিদাদি

| কার্যাবলি | বিদ্যালয়ের সংখ্যা | মোট চাহিদা | চলতি বছর (.............) | | দ্বিতীয় বছর (.............) | | তৃতীয় বছর (.............) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | সংখ্যা | ব্যয় | সংখ্যা | ব্যয় | সংখ্যা | ব্যয় |
| ক. বিদ্যালয় ভবন | | | | | | | | |
| ১. শ্রেণিকক্ষ নির্মাণ | | | | | | | | |
| ১. বড় ধরনের মেরামত | | | | | | | | |
| ২. বাউন্ডারি ওয়াল | | | | | | | | |
| ৩. গেইট নির্মাণ | | | | | | | | |
| ৫. ড্রেন নির্মাণ | | | | | | | | |
| ৬. বিদ্যালয়ের প্রবেশ পথ | | | | | | | | |
| ৭. বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য র‍্যাম তৈরি | | | | | | | | |
| ৮. অন্যান্য | | | | | | | | |
| মোট | | | | | | | | |

| কার্যাবলি | | বিদ্যালয়ের সংখ্যা | মোট চাহিদা | চলতি বছর (.............) | | দ্বিতীয় বছর (.............) | | তৃতীয় বছর (.............) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | সংখ্যা | ব্যয় | সংখ্যা | ব্যয় | সংখ্যা | ব্যয় |
| খ. | Wash Facilities | | | | | | | | |
| | ১. বালক ও বালিকাদের টয়লেট ও ওয়াশ-ব্লক নির্মাণ | | | | | | | | |
| | ২. নিরাপদ পানীয়জলের ব্যবস্থা বা টিউবওয়েল স্থাপন | | | | | | | | |
| | ৩. বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের ব্যবহার উপযোগী টয়লেট ও ওয়াশ-ব্লক নির্মাণ | | | | | | | | |
| | ৪. গ্রুপে হাত ধোয়ার ব্যবস্থা | | | | | | | | |
| | ৫. অন্যান্য | | | | | | | | |
| মোট | | | | | | | | | |
| গ. | শিক্ষক ও শিশুদের আসবাবপত্র | | | | | | | | |
| | ১. শিশুদের জন্য উঁচু বেঞ্চ | | | | | | | | |
| | ২. শিশুদের বসার জন্য নিচু বেঞ্চ | | | | | | | | |
| | ৩. শিক্ষকদের জন্য টেবিল | | | | | | | | |
| | ৪. শিক্ষকদের জন্য চেয়ার | | | | | | | | |
| | ৫. আলমারি | | | | | | | | |
| | ৬. বুকশেলফ | | | | | | | | |
| | ৭. অন্যান্য | | | | | | | | |
| মোট | | | | | | | | | |
| ঘ. | অফিসের যন্ত্রপাতি | | | | | | | | |
| ১. | কম্পিউটার | | | | | | | | |
| ২. | প্রিন্টার | | | | | | | | |
| ৩. | মালটিমিডিয়া | | | | | | | | |
| ৪. | লাউডস্পিকার | | | | | | | | |
| ৫. | অন্যান্য | | | | | | | | |
| মোট | | | | | | | | | |

## ১২. অবকাঠামো চাহিদাদি

| কার্যাবলি | | বিদ্যালয়ের সংখ্যা | মোট চাহিদা | চলতি বছর (.............) | | দ্বিতীয় বছর (.............) | | তৃতীয় বছর (.............) | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | সংখ্যা | ব্যয় | সংখ্যা | ব্যয় | সংখ্যা | ব্যয় |
| ক. | দুর্যোগকালীন শিক্ষা অব্যাহত এবং দুর্যোগ ব্যবস্থপনা ও নিরাপদ পরিবেশ | | | | | | | | |
| | ১. অস্থায়ী বিদ্যালয় স্থাপন | | | | | | | | |
| | ২. মহড়া অনুশীলন | | | | | | | | |
| | ৩. শিক্ষা উপকরণ ক্রয় | | | | | | | | |
| | ৪. দুর্যোগে ক্ষতিগ্রস্ত বিদ্যালয় পুনর্বাসন | | | | | | | | |
| | ৫. দুর্যোগের সময় শিশুদের যাতায়াতের ব্যবস্থা | | | | | | | | |
| | ৬. অন্যান্য | | | | | | | | |
| মোট | | | | | | | | | |
| খ. | বিশেষ চাহিদাসম্পন্ন শিশুদের জন্য শিক্ষা কার্যক্রম | | | | | | | | |
| গ. | প্রাক-প্রাথমিক শিক্ষা | | | | | | | | |
| ঘ. | শিখন-শিখানো কার্যাবলি | | | | | | | | |
| ঙ. | খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ড | | | | | | | | |
| চ. | স্বাস্থ্য সুরক্ষা ও নিরাপদ পরিবেশ | | | | | | | | |
| ছ. | জনসম্পৃক্ততা ও জনসচেতনামূলক অনুষ্ঠান | | | | | | | | |
| মোট | | | | | | | | | |

## ১৩. বাজেট

| ক. প্রাক্কলিত আয়ের উৎস | চলতি বছর (.............) | |
|---|---|---|
| | টাকার পরিমাণ | মন্তব্য |
| নিজস্ব আয়মূলক প্রকল্প | | |
| জনগণের অনুদান | | |
| স্থানীয় সরকার হতে প্রাপ্ত :<br>১. ইউনিয়ন পরিষদ<br>২. উপজেলা পরিষদ | | |
| সরকারি অনুদান (SLIP Grant) | | |
| প্রাথমিক শিক্ষা অধিদপ্তর হতে প্রাপ্ত অন্যান্য বরাদ্দ | | |
| NGO | | |
| অন্যান্য | | |
| মোট | | |

| **খ. প্রাক্কলিত ব্যয়ের খাত** | **চলতি বছর (.............)** | | | | |
|---|---|---|---|---|---|
| | **পরিমাণ/সংখ্যা** | **একক ব্যয়** | **মোট ব্যয়** | **সময়সীমা** | **দায়িত্ব প্রাপ্ত ব্যক্তি** |
| ১. কাঠামো | | | | | |
| ক. বিদ্যালয় ভবন | | | | | |
| খ. Wash Facilities | | | | | |
| গ. শিক্ষক ও শিশুদের আসবাবপত্র | | | | | |
| ঘ. অফিসের যন্ত্রপাতি | | | | | |
| ২. অবকাঠামো | | | | | |
| ক. দুর্যোগকালীন শিক্ষা অব্যাহত এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও নিরাপদ পরিবেশ | | | | | |
| খ. প্রতিবন্ধি শিশুদের জন্য শিক্ষাকার্যক্রম | | | | | |
| গ. প্রাক-প্রাথমিক শিক্ষা | | | | | |
| ঘ. শিখন-শিখানো কার্যাবলি | | | | | |
| ঙ. খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ড | | | | | |
| চ. স্বাস্থ্য সুরক্ষা ও নিরাপদ পরিবেশ | | | | | |
| ছ. জনসম্পৃক্ততা ও জনসচেতনামূলক অনুষ্ঠান | | | | | |
| মোট | | | | | |

প্রত্যয়ন করা যাচ্ছে যে, ইউপেপ গাইডলাইন অনুযায়ী পরিকল্পনা প্রণীত হয়েছে।

পরিকল্পনা প্রণয়নকারী টিমের সদস্যগণের স্বাক্ষর :

১. ---------------------------------------------

২. ---------------------------------------------

৩. ---------------------------------------------

৪. ---------------------------------------------

৫. ---------------------------------------------

---------------------------------------------
অনুমোদনকারীর স্বাক্ষর

# পরিশিষ্ট ২ : ইউপেপ কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন

পরিদর্শনের তারিখ : ..............................................

উপজেলার নাম : ..............................................

জেলা : ..............................................

পরিদর্শনকারী কর্মকর্তার নাম : ..............................................

পদবি : ..............................................

| ক্র. স. | কার্যাবলির নাম | লক্ষ্যমাত্রা | অগ্রগতি | পরিকল্পনা অনুযায়ী ইউপেপ বাস্তবায়ন হয়েছে কি না, (হ্যাঁ/না লিখুন) | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |

-----------------------------------------------

পরিদর্শনকারী কর্মকর্তার স্বাক্ষর

## পরিশিষ্ট ৩ : স্টেকহোল্ডারগণের সঙ্গে মতবিনিময় সভার কার্যবিবরণী ছক

স্টেকহোল্ডার গ্রুপের নাম : ..........................................................

সভার তারিখ : ..........................................................

**আলোচ্যসূচি**

- ..........................................................
- ..........................................................
- ..........................................................

**সিদ্ধান্ত**

- ..........................................................
- ..........................................................
- ..........................................................

**উপস্থিত ব্যক্তিগণের নাম ও স্বাক্ষর :**

১. .......................................... ..........................................

২. .......................................... ..........................................

৩. .......................................... ..........................................

৪. .......................................... ..........................................

৫. .......................................... ..........................................

৬. .......................................... ..........................................

৭. .......................................... ..........................................

## পরিশিষ্ট ৪ : প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত মানসূচক (PSQL)

১. পাঠ্যপুস্তক : জানুয়ারির ৩১ তারিখের মধ্যে যে সকল বিদ্যালয় নতুন পাঠ্যপুস্তক পেয়েছে তার হার (%)

২. শিক্ষকদের পেশাগত প্রশিক্ষণ (সি-ইন-এড, ডিপইন এড, বি-এড, এম-এড)
[সহকারী ও প্রধান শিক্ষক] অর্জনের (%)

৩. শিক্ষকদের নিয়মিত (সহকারী ও প্রধান শিক্ষক) পেশাগত দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ অর্জনের হার (%)
[বিষয়ভিত্তিক প্রশিক্ষণ, সাব-ক্লাস্টার প্রশিক্ষণ]

৪. ভর্তিকৃত বিশেষ চাহিদা সম্পন্ন শিশুর সংখ্যা (%)

৫. বালিকাদের জন্য ব্যবহার উপযোগী পৃথক শৌচাগার রয়েছে এমন বিদ্যালয়ের হার (%)

৬. অন্তত একটি শৌচাগার ব্যবহার উপযোগী রয়েছে এমন বিদ্যালয়ের হার (%)

৭. নিরাপদ পানীয়জলের ব্যবস্থা রয়েছে এমন বিদ্যালয়ের হার (%)

৮. বিদ্যালয়সমূহের সচল ও বিশুদ্ধ পানীয়জলের ব্যবস্থা রয়েছে এমন বিদ্যালয়ের হার (%)

৯. যে সকল বিদ্যালয়ে সচল ও নিরাপদ পানির উৎস রয়েছে তার হার (%)

১০. শ্রেণিকক্ষের অবস্থা ভাল এমন বিদ্যালয়ের হার (%)

১১. প্রতি শ্রেণিকক্ষে শিক্ষার্থীর সংখ্যা ৪০ জন রয়েছে এমন বিদ্যালয়ের হার (%)

১২. বিদ্যালয়ে পর্যাপ্ত আকারের শ্রেণিকক্ষ রয়েছে (২৬ ফুট লম্বা সাড়ে ১৯ ফুট প্রস্থ আর্থাৎ (২৬´X১৯.৬´) অথবা তার চেয়ে বড় কক্ষের হার (%)

১৩. বিদ্যালয়ের পাকা শ্রেণিকক্ষের হার (%)

১৪. বিদ্যালয় ব্যবস্থাপনা ও নেতৃত্বের প্রশিক্ষণ প্রাপ্ত প্রধান শিক্ষকের হার (%)

১৫. বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি সদস্যগণের প্রশিক্ষণ প্রদানের হার (%) (প্রতি এসএমসির কমপক্ষে ৩ জন সদস্য)

১৬. শিক্ষক-শিক্ষার্থী বিদ্যমান অনুপাত ১:৪৬, এ মান অর্জিত বিদ্যালয়ের হার (%)

১৭. প্রাক প্রাথমিক শ্রেণি রয়েছে এমন বিদ্যালয়ের হার (%)

১৮. স্লিপ অনুদান পেয়েছে এমন বিদ্যালয়ের হার (%)

## পরিশিষ্ট ৫ : প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্ধারিত মুখ্য কৃতিসূচক (KPI)

১. তৃতীয় শ্রেণির শিখনযোগ্যতা অর্জনের স্তর : গড়সংখ্যা (mean score) (বালক ও বালিকা)

ক. বাংলা খ. গণিত

২. পঞ্চম শ্রেণির শিখনযোগ্যতা অর্জনের স্তর : গড়সংখ্যা (mean score) (বালক ও বালিকা)

ক. বাংলা খ. গণিত

৩. পঞ্চম শ্রেণির সমাপনী পরীক্ষায় পাশের হার (বালক ও বালিকা)

৪. বিদ্যালয় বহির্ভূত শিশুর সংখ্যা (বালক ও বালিকা) ৬-১০ ও ১১-১৪ বছরের বয়সী

৫. প্রাথমিক শিক্ষার স্থূল (Gross) ভর্তির হার (বালক ও বালিকা)

৬. প্রাথমিক শিক্ষায় প্রকৃত (Net) ভর্তির হার (বালক ও বালিকা)

৭. [অংশগ্রহণ] লিঙ্গসমতা নির্দেশক, স্থূল ভর্তির হারের ক্ষেত্রে

৮. [অংশগ্রহণ] প্রকৃত (Net) ভর্তির হারের ক্ষেত্রে খানাকর্তৃক ভোগকৃত দ্রব্যের পরিমাণের ভিত্তিতে সর্বোচ্চ ২০% ও সর্বনিম্ন ২০% চক্র খানা বাদ দিয়ে বাকিগুলোর ভিত্তিতে উপজেলা র‍্যাঙ্ক নির্ণয়

৯. উপজেলা পারফরমেন্স নির্ণয়ে কম্পোজিটসূচক

ক. পিছিয়ে পড়া ২০% উপজেলার গড় বার্ষিক পারফরমেন্সের অগ্রগতি

খ. সর্বোচ্চ ১০% ও সর্বনিম্ন ১০% বাদ দিয়ে পরিসর বা (Range) এবং উপজেলার র‍্যাঙ্ক

১০. জেলা, উপজেলা ও বিদ্যালয় পর্যায়ে কতগুলো ও কী ধরনের কাজের দায়িত্ব ভার ন্যস্ত

১১. থোক বরাদ্দের অর্থ ব্যয় উপজেলা ও বিদ্যালয় পর্যায়ে শর্ত ও শর্ত ছাড়া

১২. প্রাথমিক শিক্ষাচক্র সমাপনীর হার (Cycle completion) (%) (বালক ও বালিকা)

১৩. শ্রেণিভিত্তিক ঝরে পড়ার হার (%)

১৪. প্রাথমিক শিক্ষা শেষ করতে প্রতিশিক্ষার্থীর গড়ে কত বছর লাগে (Years input)

১৫. প্রাথমিক বিদ্যালয়ের মানের কম্পোজিট সূচক অর্জনকারী বিদ্যালয়ের হার (%)

## পরিশিষ্ট ৬ : উপজেলা প্রাথমিক শিক্ষা পরিকল্পনায় অন্তর্ভুক্তিযোগ্য কার্যাবলির নমুনা

১. বিদ্যালয় ভবন উন্নয়ন

২. Wash Facilities নির্মাণ

৩. শিক্ষক ও শিশুদের আসবাবপত্র ক্রয়

৪. অফিসের যন্ত্রপাতি ক্রয়

৫. দুর্যোগকালীন শিক্ষা অব্যাহত এবং দুর্যোগ ব্যবস্থপনা ও নিরাপদ পরিবেশের ব্যবস্থা

৬. প্রতিবন্ধি শিশুদের জন্য শিক্ষা কার্যক্রম

৭. জনসম্পৃক্ততা ও জনসচেতনামূলক অনুষ্ঠানের আয়োজন

# পরিশিষ্ট ৭ : ইউপেপ পরিবীক্ষণ চেকলিস্ট

উপজেলা : ........................................ জেলা : ................................ বিভাগ : ...........................

পরিবীক্ষণকারী কর্মকর্তার নাম : ................................................................................ পদবি : ...................................

কর্মস্থল : ....................................................................................................................................

বি. দ্র. : উত্তর 'হ্যাঁ' হলে ১ এবং 'না' হলে ২ চিহ্ন ব্যবহার করে প্রয়োজনীয় মন্তব্য লিখে চেকলিস্ট পূরণ করুন।

| ক্র. স. | পরিকল্পা প্রক্রিয়া | হ্যাঁ/না | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | উপজেলা শিক্ষা কমিটির সম্মতিক্রমে ইউপেপ প্রণয়ন টিম গঠিত হয়েছি কি? | | | |
| ২ | ইউপেপ প্রণয়নে সকল স্টেকহোল্ডারের সঙ্গে ওরিয়েন্টশন সভা করা হয়েছে কি? | | | |
| ৩ | উপজেলা প্রাথমিক শিক্ষার সমস্যার আলোকে কার্যক্রম গ্রহণ করা হয়েছে কি? | | | |
| ৪ | ইউপেপ তিন বছরের রোলিং পরিকল্পনা হিসেবে প্রণয়ন হয়েছে কি? | | | |
| ৫ | ইউপেপ-এ সুনির্দিষ্টভাবে উদ্দেশ্য অন্তর্ভূক্ত হয়েছে কি? | | | |
| ৬ | ইউপেপ প্রণয়নে উপজেলার সকল স্লিপ একত্রিভূত করা হয়েছে কি? | | | |
| ৭ | গাইডলাইন অনুযায়ী ইউপেপ প্রণীত হয়েছে কি? | | | |
| | **ইউপেপ প্রনয়ন ও বাস্তবায়ন** | | | |
| ৮ | স্লিপের চাহিদার ভিত্তিতে বিদ্যালয়ের শ্রেণিকক্ষ নির্মাণের চাহিদা ইউপেপ-এ অন্তর্ভূক্ত হয়েছে কি? | | | |
| ৯ | স্লিপের চাহিদার বিদ্যালয়ের ভবনাদির বড় ধরনের মোরামতের চাহিদা ইউপেপ-এ অন্তর্ভূক্ত হয়েছে কি? | | | |
| ১০ | দুর্যোগ ব্যবস্থাপনা ও দূর্যোগকালীন শিক্ষা অব্যাহত পরিকল্পনা ইউপেপ-এ অন্তর্ভূক্ত হয়েছে কি? | | | |
| ১১ | স্লিপে অন্তর্ভূক্ত টয়লেট/ WASH ব্লক নির্মাণের চাহিদা ইউপেপ-এ অন্তর্ভূক্ত হয়েছে কি? | | | |
| ১২ | একত্রিভূত শিক্ষাকার্যক্রম বিষয়টি ইউপেপ-এ অন্তর্ভূক্ত হয়েছে কি? | | | |

| ক্র. স. | পরিকল্পা প্রক্রিয়া | হ্যাঁ/না | সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১৩ | ইউপেপ যথাযথভাবে অনুমোদিত হয়েছে কি? | | | |
| ১৪ | ইউপেপ বাস্তবায়নের জন্য উপজেলার কর্মকর্তাদের মধ্যে দায়িত্ব বন্টন করা আছে কি? | | | |
| ১৫ | ইউপেপ-এর বাজেট দৃশ্যমান স্থানে প্রদর্শিত আছে কি না? | | | |

**সার্বিক মন্তব্য**

..................................................................................................................................................................................................

..................................................................................................................................................................................................

............................................................

পরিবীক্ষণকারী কর্মকর্তার স্বাক্ষর

unicef | for every child